# ঢাকা বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2022-2023
A-ইউনিট

## বাংলা | বহুনির্বাচনী-১৫

**01. 'অপরিচিতা' গল্পে অনুপমের সুন্দর চেহারাকে পণ্ডিতমশায় কিসের সঙ্গে তুলনা করেছিলেন?**

A. জবা ফুল ও আম B. গোলাপ ফুল ও তরমুজ
C. শিমুল ফুল ও মাকাল ফল D. জবা ফুল ও আপেল

SC Why ছোটবেলায় অনুপমের চেহারা সুন্দর ছিল বলে পন্ডিত মশায়েরা তাকে শিমুল ফুল ও মাকাল ফলের সাথে তুলনা করতেন। সুন্দর চেহারার জন্য অনুপমকে পন্ডিত মশাইয়েরা বিদ্রূপ করতেন। তখন লজ্জা পেলেও বয়স বাড়ার সাথে সাথে সে ভাবে যদি জন্মান্তর থাকে তবে তার মুখের স্বরূপ এবং পন্ডিত মশাইদের বিদ্রূপ যেন আবারো ফিরে আসে।

- মূলত ব্যক্তিত্বহীন অনুপমকেই শিমুল ফুল ও মাকাল ফলের মাধ্যমে তুলে ধরা হয়েছে।
- অনুপম বাহ্যিকভাবে সুন্দর হলেও মাকাল ফলের মতো কোন কাজের উপযুক্ত নয়।
- পন্ডিত মশাইদের শিমুল ফুল ও মাকাল ফলের সাথে তুলনার মাধ্যমে অনুপমের ব্যক্তিত্বহীনতার স্বরূপ প্রকাশ পেয়েছে।
- মাকাল ফল উপরে বাহ্যিকভাবে সুন্দর হলেও এ ফল খাওয়া যায় না। অর্থাৎ এ ফলের কোন কার্যকারিতা নেই।

**02. 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?**

A. বঙ্গদর্শন B. চতুরঙ্গ C. ভারতী D. সাধনা

SC Why 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয় 'ভারতী' পত্রিকায় ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রিষ্টাব্দ) বৈশাখ সংখ্যায়।

- 'বিলাসী' গল্পে বর্ণিত হয়েছে ব্যতিক্রমধর্মী দুই মানব-মানবীর চরিত্রের অসাধারণ প্রেমের মহিমা, যা ছাপিয়ে উঠেছে জাতিগত বিভেদের সংকীর্ণ সীমা। গল্পে সংগঠিত একের পর এক ঘটনা এবং বিভিন্ন চরিত্রের মধ্যে সংঘাতের মাধ্যমেই কাহিনি অগ্রসর হয়। ঘটনার দ্বন্দ্ব সংঘাতের মধ্য দিয়ে কাহিনিতে গতি সঞ্চারিত হয়েছে।
- 'বিলাসী' গল্পটি শরৎচন্দ্রের 'ছবি' গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত।
- 'বিলাসী' গল্পটি 'ন্যাড়া' নামের এক যুবকের নিজের জবানীতে বিবৃত গল্প।
- মৃত্যুঞ্জয়ের বাগানের পরিধি ছিল কুড়ি-পঁচিশ বিঘা (২০-২৫ বিঘা)।
- 'বিলাসী' গল্পে রাশিয়ার কামস্কটিকা দ্বীপের উল্লেখ আছে।
- 'বিলাসী' গল্পে উল্লিখিত এডেন বন্দর সামুদ্রিক লবণ তৈরির জন্য বিখ্যাত।
- 'বিলাসী' গল্পে সাইবেরিয়া (রাশিয়া), পারসিয়া (ইরান) বিলাতের (ইংল্যান্ড) উল্লেখ্য আছে।

**03. 'হরিৎ উপত্যকা' অর্থ কী?**

A. ঝলমলে প্রান্তর B. হলুদ উপত্যকা
C. সবুজ উপত্যকা D. রক্তাক্ত উপত্যকা

SC Why 'হরিৎ উপত্যকা' অর্থ – সবুজ উপত্যকা।

- পাকিস্তানিরা বাঙালিদের সর্বদা অত্যাচার, শোষণ, নির্যাতন করেছে। ভাষার দাবীতে বাঙালিদের প্রাণ দিতে হয়েছে ১৯৫২ সালে। ১৯৬৯ সালেও ছয় দফা আদায় করতে গিয়ে তেমনই হয়েছে। এখনো বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রুজল ফোটে ফুল বাস্তবতার বিশাল চত্বরে। হৃদয়ের হরিৎ উপত্যকায় কথাটি দ্বারা পাকিস্তানিদের শাসনামলে বাঙালিদের প্রতি বৈরি আচরণের কথাই বোঝানো হয়েছে।
- অবিরত অবিনাশী বর্ণমালা ঝরে – নক্ষত্রের মতো।
- বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রু ঝরে – হৃদয়ের হরিৎ উপত্যকায়।
- সেই ফুল আমাদেরই – প্রাণ।
- আনন্দের রৌদ্রে আর দুঃখের ছায়ায় – শিহরিত ক্ষণে ক্ষণে।

**04. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সেই চোখ।' – কার চোখ?**

A. মজিদের B. রহিমার C. আক্কাসের D. গ্রামবাসীর

SD Why বিশ্বাসের পাথরে যেন খোদাই সেই চোখ বলতে মজিদের স্ত্রী রহিমার কথাই বোঝানো হয়েছে।

- লালসালু মূলত একটি – সামাজিক উপন্যাস।
- লালসালু উপন্যাসের প্রধান উপজীব্য বিষয় – ধর্মীয় কুসংস্কার।
- লালসালু উপন্যাসে অবিশ্বাসী চরিত্র হলো – তাহের-কাদেরের পিতা।
- ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে এক উপজীব্য – লালসালু উপন্যাস।
- লালসালু উপন্যাসে উল্লিখিত গ্রামটি হলো – মহব্বতনগর।
- প্রতিবাদী চরিত্র জমিলার সাথে মজিদের সম্পর্ক – স্বামী-স্ত্রী।
- লালসালু উপন্যাস মূলত ধর্ম ব্যবসায়ী, স্বার্থান্বেষী, কুসংস্কার, ধর্মীয় ভীতি, অন্ধবিশ্বাস, ভন্ড ইত্যাদির বিরুদ্ধে এক জোরালো আওয়াজ।

**05. 'অভিপ্রেত' শব্দের প্রমিত উচ্চারণ–**

A. অভিপ্রেত্ B. ওভিপ্রেত্ C. ওভিপ্রেতো D. ওভিপ্‌প্রেতো

SD Why অভিপ্রেত শব্দটির প্রমিত উচ্চারণ হলো – ওভিপ্‌প্রেতো।

- প্রমিত উচ্চারণ নির্দিষ্ট হওয়ার জন্য ধ্বনিসমূহ, স্বরধ্বনি ও ব্যঞ্জন ধ্বনি সম্পর্কে সম্যক ধারণা থাকা আবশ্যক। ভাষাবিজ্ঞানীদের প্রণীত বিধি-বিধান অনুসৃত পূর্বক উচ্চারণই হলো – প্রমিত উচ্চারণ।

**গুরুত্বপূর্ণ কিছু প্রমিত উচ্চারণঃ**

- দেশব্যাপী – দেশোব্‌ব্যাপি।
- দেশপ্রেম – দেশোপ্রেম।
- বিদ্বান – বিদ্‌দান্।
- কারণ – কারোন্।
- গ্রস্থ – গ্রোস্‌তো।
- ব্যতিক্রম – বেতিক্‌ক্রোম্।
- এখনি – অ্যাখোনি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**06. 'পঙ্কজ' কোন সমাস?**

A. রূপক কর্মধারয় B. উপপদ তৎপুরুষ
C. অলুক বহুব্রীহি D. নিত্য সমাস

**S B Why** যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎপ্রত্যয় যুক্ত হয়, সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয়, তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। পঙ্কজ – পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)।

**▣ কিছু গুরুত্বপূর্ণ উপপদ তৎপুরুষ সমাসঃ –**

- জলচর – জলে চরে যা ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- গায়েপড়া – গায়ের উপর পড়া ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- জলদ – জল দেয় যে ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- সবজান্তা – সব জানে যে ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- অগ্রজ – অগ্রে জন্মেছে যে ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- গৃহস্থ – গৃহে বাস করে যে ⟶ উপপদ তৎপুরুষ সমাস।
- ইন্দ্রজিৎ – ইন্দ্রকে জয় করেছেন যে ⟶ উপপদ তৎপুরুষ সমাস।

**07. নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়?**

A. উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়। B. এ কথা প্রমাণিত হয়েছে।
C. সব সভ্য এসেছেন। D. ইহার আবশ্যকতা নাই।

**S A Why কতিপয় কয়েকটি শুদ্ধ বাক্য:**

- আসামীর অনুপস্থিতিতে বিচার হচ্ছে।
- ছেলেটি অত্যন্ত মেধাবী।
- আপনি সস্ত্রীক আমন্ত্রিত।
- এটা অতি লজ্জাকর বিষয়।
- আমার টাকার আবশ্যকতা নাই।
- বাংলাদেশ উন্নয়নশীল দেশ।
- বাংলাভাষা-ভাষীর সংখ্যা প্রায় ত্রিশ কোটি।
- পিতা তোমার প্রতি ক্রুদ্ধ হয়েছেন।
- হাবিব পরীক্ষা এলে চোখে সর্ষে ফুল দেখে।

**08. 'সমুদ্রের হাওয়া গায়ে মেছে হৃদয়-যমুনায় ঝড় তুলল।' – বাক্যটির যোগ্যতা হারানোর কারণ কী?**

A. দুর্বোধ্যতা B. অলংকারের ভুল প্রয়োগ
C. বাহুল্য দোষ D. গুরুচণ্ডালী দোষ

**S B Why** উপরোক্ত বাক্যটি যোগ্যতা হারানোর কারণ হলো – অলংকারের ভুল প্রয়োগ।

▣ ভাষার বিচারে একটি সার্থক বাক্যের ৩টি গুণ থাকা আবশ্যক। যেগুলো হলো –

- আকাঙ্ক্ষা (Expectancy)।
- আসত্তি (Proximity)
- যোগ্যতা (Propriety)

**09. কোন গুচ্ছটি শুদ্ধ?**

A. কর্ম্ম, মূর্চ্ছা B. প্রায়শঃ, দায়ি C. কাহিনি, ঠান্ডা D. গননা, ঘনিষ্ট

**S C Why** ব্যাকরণবিদগণ প্রণীত বানানের বিভিন্ন নিয়ম অনুসরণ করে যখন কোন বানান নিয়মানুযায়ী লিখা হয়, তাই হলো শুদ্ধ বানান।

**▣ কয়েকটি শুদ্ধ শব্দগুচ্ছ হলো –**

- শিহরণ, দারুণ, দরুণ।
- গীতালি, গর্ভনর, শৃঙ্খল।
- সংলাপ, শশাঙ্ক, শিশু।
- আবশ্যক, মিথস্ক্রিয়া, অদ্যপি।
- আয়ত্তাধীন, অহোরাত্র।
- সমীচীন, হরীতকী, বাল্মীকি।
- স্বায়ত্তশাসন, অভ্যন্তর, জন্মবার্ষিক।
- অতিথি, অপরাহ্ন, অশ্বত্থ।
- উদীচী, অত্যধিক, অশীতিপর।

**10. কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ?**

A. দিগভ্রান্ত B. একাদশ C. শয়ন D. নিমগ্ন

**S D Why** যে অব্যয়গুলি ধাতু বা শব্দের আগে যুক্ত হয়ে ধাতু বা শব্দকে অবলম্বণ করে নতুন শব্দ গঠন করে এবং অর্থের পরিবর্তন ঘটায় সেই অব্যয়গুলিকে উপসর্গ বলে। প্রদত্ত শব্দগুলোর মধ্যে উপসর্গযোগে গঠিত শব্দ হলো – নিমগ্ন।

**▣ উপসর্গযোগে গঠিত কতিপয় শব্দ হলো –**

- সুকীর্তি, সুগঠিত, সুগীত, সুকর, সুপ্রাচ্য।
- প্রবীণ, প্রহার, প্রধান, প্রমাণ, প্রদান।
- উপহার, উপমান, উপলক্ষ্য, উপপদ।
- নিবৃত্তি, নিদাঘ, নির্ণয়, নিবারণ, নিশ্চয়।
- আনকোরা, আনচান, আনমনা, আনজাম।
- ইতিহাস, ইতিকথা, ইতিপূর্বে, ইতিকর্তব্য।
- ভরপুর, ভরদুপুর, ভরসন্ধ্যে, ভরপেট।

**11. নিচের কোন শব্দে বচনঘটিত অশুদ্ধি ঘটেছে?**

A. গুণীগণ B. বিদ্বান সমাজ C. শিক্ষার্থীবৃন্দ D. বন্ধুগণেরা

**S D Why** নিম্নে প্রদত্ত যে শব্দটির বচনঘটিত অশুদ্ধি ঘটেছে, তা হলো বন্ধুগণেরা। শব্দটির সঠিক রূপ হবে বন্ধুগণ, যা প্রদত্ত প্রশ্নে দ্বিত্ব ব্যবহার হয়েছে।

**▣ কয়েকটি বচনঘটিত অশুদ্ধ শব্দের শুদ্ধরূপ হলো –**

- ছেলেগণ – ছেলেরা।
- রাস্তাগণ – রাস্তাগুলো।
- বইরা – বইগুলো।
- কলমবৃন্দ – কলমগুলো।
- টেবিলগণ – টেবিলগুলো।
- আয়নাজাত – আয়নাটি।
- অতিথিগুলো – অতিথিবৃন্দ।

**12. 'I have not yet come round' বাক্যটির সঠিক অনুবাদ –**

A. আমি এখনও এসে পৌছাইনি।
B. আমি এখনও পরাজিত হইনি।
C. আমি এখনও সুস্থ হইনি।
D. আমি এখন আর ঘোরাঘুরি করি না।

**S C Why** প্রদত্ত 'I have not yet come round' বাক্যটির সঠিক অনুবাদ হলো – আমি এখনও সুস্থ হইনি।

**▣ আরো কয়েকটি সমজাতীয় বাক্যের অনুবাদ –**

- Swim with the tide – ঝোপ বুঝে কোপ মারা।
- A little learning is a dangerous thing – অল্প বিদ্যা ভয়ঙ্কর।
- Many men, many mind – নানা মুনির নানা মত।
- Fall from the cloud – আকাশ থেকে পড়া।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- Oil your own machine – নিজের চরকায় তেল দাও।
- The factory is a dead letter – কারখানাটি অচল।
- No pain no gain – কষ্ট বিনা কেষ্ট মিলে না।
- To the pure all things are pure – নিজে ভালো তো জগৎ ভালো।
- One swallow doesn't make a summer – এক মাঘে শীত যায় না।

**13. কোনটি দেশি শব্দ নয়?**

A. ঢেঁকি B. ঘুড়ি C. গরিব D. ডিঙি

**SⒸWhy** বাংলা ভাষায় আগত এরকম বিভিন্ন শব্দ যেগুলো বিদেশি শব্দ থেকে বাংলা ভাষায় এসেছে সেগুলো এখন বাংলা ভাষার নিজস্ব সম্পদে পরিণত হয়েছে।

প্রদত্ত শব্দগুলোর মধ্যে 'গরিব' শব্দটি দেশি শব্দ নয়। এটি একটি আরবি শব্দ।

**▣ কতিপয় বিভিন্ন ভাষার শব্দ –**

- **আরবি:** উকিল, মোক্তার, আদালত, হাকিম, মামলা, মুসাফির, কলম।
- **ফারসি:** জমিদার, জমকালো, একতারা, সেতার, জামরুল, দোতারা।
- **পর্তুগিজ:** আচার, ইস্পাত, আয়া, আতা, বোতাম, বারান্দা, কেদারা।
- **তুর্কি:** মোঘল, বাহাদুর, খাতুন, চকচক, লাশ, বাবুর্চি, ঠাকুর, বাবা।
- **ফরাসি:** ইংরেজ, আঁতাত, ক্যাফে, রেস্তোরা, রেঁনেসা, বারুদ, কার্তুজ, কুপন।
- **চীনা:** চিনি, এলাচি, চা, লিচু, লুচি।
- **জাপানি:** রিকশা, হাসনাহেনা, ক্যারাটি, জুড়ো, হারিকিরি।

**14. তরুছায়ামসী-মাখা গ্রামখানি কোথায় আঁকা?**

A. এপারেতে B. নদীকূলে
C. পরপারে D. শূন্য নদীর তীরে

**SⒸWhy** প্রদত্ত প্রশ্নের তরুছায়ামসী-মাখা গ্রামখানি পরপারে আঁকা। যেটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতা থেকে চয়ন করা হয়েছে।

**▣ 'সোনার তরী' কবিতার গুরুত্বপূর্ণ তথ্যাবলী:**

- ধান কাটতে কাটতে এলো – বর্ষা।
- মেঘ গর্জন করে – আকাশ জুড়ে।
- সোনার তরী কবিতায় চরিত্র – ২টি।
- কবিতায় কূলে এক বসে আছে – কৃষক।
- সোনার তরী নিয়ে চলে যায় – অজানা দেশে।
- তরুছায়ামসী – মাখা বলতে যে রং বোঝায় – কালচে রং।
- মাঝির সোনার তরীতে কার ঠাঁই হলো না – কৃষকের।
- মাঝি তরী ভিড়ালো – ফসলের জন্য।

**15. নিচের কোনটি 'পাথার' শব্দের সমার্থক শব্দ নয়?**

A. অর্ণব B. সমুদ্র C. জলধি D. তটিনী

**SⒹWhy** প্রশ্নে প্রদত্ত 'তটিনী' শব্দটি পাথার শব্দের সমার্থক শব্দ নয়।

একই শব্দের একই অর্থ প্রকাশক অন্যান্য যেসব শব্দ পাওয়া যায় তাদেরকে সমার্থক বা প্রতিশব্দ বলে।

**▣ কতিপয় কিছু শব্দের সমার্থক শব্দ –**

- **স্বর্গ –** দ্যুলোক, দেবলোক, বেহেশত, জান্নাত, সুরলোক, অমরালয়।
- **পক্ষি –** পাখি, বিহঙ্গ, খেচর, দ্বিজ, বিহগ, খগ, বিহঙ্গম।
- **বন –** বিপিন, অরণ্য, কানন, অটবী, কান্তার, বিজন, গহন।
- **মেঘ –** ঘন, অভ্র, বারিদ, জলধর, নীরদ, জীমুত, বলাহক।
- **সূর্য –** ভাস্কর, আদিত্য, তপন, দিবাকর, ভানু, রবি, সবিতা।
- **মৃত্যু –** দেহত্যাগ, স্বর্গলাভ, সংবরণ, ইহলীলা, পঞ্চত্বপ্রাপ্তি।
- **চক্ষু –** চয়ন, আঁখি, নেত্র, নয়ন, চোখ, দর্শন, লোচন, ঈক্ষণ।

## বাংলা লিখিত-১০

**01. নিচের শব্দগুলির মাধ্যমে বাক্য রচনা কর: 0.5×5=2.5**

পাণ্ডুর, তপোবন, মহাকাল, সাম্যবাদ, কিংবদন্তি।

**Solve**
- পাণ্ডুর বর্ণ অনেকেরই প্রিয়।
- তপোবন প্রেমিক রবীঠাকুর দেহত্যাগ করলেন।
- মহাকাল ব্যাপিয়া কেউ অমর থাকে না।
- সমাজতন্ত্রের মূলকথাই হলো সাম্যবাদ।
- কিংবদন্তি জয়নুল আবেদীন তাঁর সৃষ্টির জন্য বিখ্যাত।

**02. 'প্লাস্টিক দূষণ' বিষয়ে পাঁচটি বাক্যে একটি অনুচ্ছেদ রচনা কর। 2.5**

**Solve** বর্তমান পৃথিবীর অন্যতম প্রধান সমস্যায় পরিণত হচ্ছে 'প্লাস্টিক দূষণ'। যার ফলে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হচ্ছে সামুদ্রিক জীববৈচিত্র। 'প্লাস্টিক দূষণ' যদি এখনই রোধ করা না যায় অদূর ভবিষ্যতে তা আমাদের নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। এই দূষণের ফলে পরোক্ষভাবে মারাত্মক হুমকিতে পড়তে পারে গোটা মানবজাতি। তাই এখনই উপযুক্ত সময় প্লাস্টিক দূষণের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা নেওয়ার ও সচেতন হওয়ার।

**03. ভাব-সম্প্রসারণ কর: 5.0**

পরের অভাব মনে করিলে চিন্তন
আপন অভাব-ক্ষোভ থাকে কতক্ষণ?

**Solve** **মূলভাব:** সারা দুনিয়ার মানুষের কোনো না কোনো অভাব-অতৃপ্তি আছেই। কিন্তু তার পরও পৃথিবীতে এমন অনেকেই আছে যারা তুলনামূলকভাবে অধিক বঞ্চনাপূর্ণ জীবনযাপন করে। তাদের অপ্রাপ্তির দিকে নজর দিলেই নিজের অভাবের গুরুত্ব তুলনামূলকভাবে হ্রাস পায়। নিজের মনে ত্রুটি আছে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

● **সম্প্রসারিত ভাব:** মানুষের চাহিদা অপূরণীয় ও অসীম। মানুষের চাহিদা ধীরে ধীরে বৃদ্ধি পায়। একটি অভাব পরিতৃপ্তি নতুন আরেকটি অভাব সৃষ্টি করে। সেই অভাব পূর্ণ হলেও মানুষের মন পরিতৃপ্ত হয় না। সবসময়েই অতৃপ্তি আর অপ্রাপ্তির জ্বালা মানুষকে তাড়িয়ে বেড়ায়। কিছু মানুষ সব পেয়েছির দলে অন্তর্ভুক্ত হতে চায়। তবে বাস্তবে এটি কখনো সম্ভব নয়। আর এ বিষয়টি সে বুঝতে চায় না বা বুঝতে ব্যর্থ হয়। তার ফলে সবকিছু পাওয়ার অসম্ভব প্রচেষ্টা মানুষের মনে চরম ক্ষোভ ও যন্ত্রণার সৃষ্টি করে। আর এ অপ্রত্যাশিত প্রচেষ্টা মানুষের সুকুমারবৃত্তিগুলোকে নষ্ট করে দেয়। এর ফলে মানুষ যেকোনো গর্হিত কাজ করতে দ্বিধাবোধ করে না। প্রকৃত অর্থে এ পরিস্থিতিতে মানুষ শারীরিক দিক থেকে মানুষ থাকলেও বৈশিষ্ট্যের দিক দিয়ে পশুর স্তরে নেমে আসে।

যেকোনো মূল্যে এর অবসান হওয়া উচিত। আর এ অবস্থা থেকে মুক্তি পেতে হলে তুলনামূলকভাবে যারা দরিদ্র, বঞ্চিত জীবন-যাপন করে তাদের দিকে নজর দিতে হবে। নিজের অভাবের দিকে দৃষ্টি না দিয়ে, অন্যের বঞ্চনার প্রতি দৃষ্টি দিলে নিজের অপ্রাপ্তির ক্ষোভ বহুলাংশে হ্রাস পায়। পায়ে জুতো না থাকলে দুঃখ হওয়া স্বাভাবিক, কিন্তু পা নেই এমন লোকের কথা চিন্তা করলে জুতা না থাকার ক্ষোভ বহুলাংশে হ্রাস পায়। দুঃখ-কষ্টে জীবনযাপন করেও যদি একজন অন্যের তুলনায় কতটা সুখে রয়েছে তা বিবেচনা করে তবে তার মনে আর দুঃখ থাকে না। পরের দুঃখ ও অপ্রাপ্তির কথা চিন্তা করলে নিজেকে অধিকতর সুখী মনে হয়, তাতে অপ্রাপ্তির ক্ষোভ থেকে মুক্তি পাওয়া যায়। তাই নিজের চেয়ে সুখী ও ধনী মানুষের দিকে না তাকিয়ে আমাদের উচিত নিজের চেয়ে যারা কষ্ট ও দুঃখে আছে তাদের দিকে তাকানো এবং এর মধ্য দিয়েই প্রকৃত সুখের দেখা পাওয়া যায়।

**মন্তব্য:** পরিতৃপ্ত ও তুষ্টভাবে জীবনযাপন করতে হলে আত্মতৃপ্তির কোনো বিকল্প নেই। আর আত্মতুষ্টি অর্জন ও অপ্রাপ্তির জ্বালা থেকে মুক্তি পাওয়ার জন্য অন্যের অপ্রাপ্তির বিষয়ও লক্ষ্য করতে হবে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়
**ভর্তি পরীক্ষা: 2022-2023** — B-ইউনিট

### বাংলা — বহুনির্বাচনী-১৫

**01. 'জাঁদরেল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
A. ফারসি B. তুর্কি C. পর্তুগিজ D. ইংরেজি

**Ans D** বিশ্লেষণ জাঁদরেল শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত একটি শব্দ। কতিপয় ইংরেজি শব্দ হলো – আগ্রাসন, স্টুডেন্ট, কামান, নভেল, নোট, ইউনিয়ন, পেন্সিল, ব্যাগ ইত্যাদি।

**02. সম্ + চয় = সঞ্চয়, এখানে 'ম' রূপান্তরিত হয়ে 'ঞ' হয়েছে চ—— ধ্বনি বলে-**
A. তালব্য B. অঘোষ C. অল্পপ্রাণ D. স্পৃষ্ট

**Ans A** বিশ্লেষণ এখানে 'ম' রূপান্তরিত হয়ে 'ঞ' হয়েছে 'চ' তালব্য ধ্বনি বলে। সম + চয় = সঞ্চয়, এটি ব্যঞ্জন ধ্বনি 'ম' এরপরে যে কোন বর্গীয় বর্ণ থাকলে, ম স্থানে ঐ বর্গের পঞ্চম বর্ণ হয়। যেমন: ম + চ = ঞ্চ। সম + চিতা = সঞ্চিতা।

**03. আভিধানিক ক্রম অনুসারে সাজানো শব্দগুচ্ছ-**
A. আশা, আলো, আসমান B. অনেক, অতিশয়, অনাবিল
C. ইলিশ, ইতিহাস, ইমারত D. উচ্চ, উট, উঠতি

**Ans D** বিশ্লেষণ বাংলা বর্ণমালা পরপর যেভাবে সজ্জিত থাকে তাকে সাধারণ বর্ণমালাক্রম বা বর্ণক্রম বলা হয়।

**04. 'পর্বত'- এর সমার্থক শব্দ নয়-**
A. মেদিনী B. শৈল C. অচল D. অদ্রি

**Ans A** বিশ্লেষণ 'পর্বত' শব্দের সমার্থক শব্দ হলো – পাহাড়, গিরি, অচল, নগ, শৈল ইত্যাদি।

**05. ''বতোর দিনে মগরা-মগরা ধান আসে"-স্ফীত হরফ চিহ্নিত পদটি হলো-**
A. সাপেক্ষ সর্বনাম B. ধ্বন্যাত্মক অব্যয়
C. সমধাতুজ কর্ম D. বিশেষণের বিশেষণ

**Ans B** বিশ্লেষণ যে সকল অব্যয় কোন শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় তাদেরকে অনুকার অব্যয় বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন: শোঁ শোঁ, ছমছম, টনটন, ঝমঝম ইত্যাদি।

**06. 'Copyright' এর যথাযথ পরিভাষা-**
A. স্বত্ব B. মালিকানা C. মেধাস্বত্ব D. গ্রন্থস্বত্ব

**Ans D** বিশ্লেষণ **কতিপয় গুরুত্বপূর্ণ ইংরেজি শব্দের পরিভাষা:**
• Hand bill – ইশতেহার। • Handicraft – হস্তশিল্প।
• Pleadging – আরজী। • Supervise – তত্ত্বাবধান।

**07. অব্যয়ীভাব সমাসের উদাহরণ-**
A. প্রশিক্ষিত B. যথারীতি C. জনৈক D. সপ্তাহ

**Ans B** বিশ্লেষণ পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থের প্রাধান্য থাকে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন: মরণ পর্যন্ত = আমরণ।

**08. 'আউলিয়া চাঁদ' বাগধারার অর্থ-**
A. পবিত্র তিথি B. হাতের নাগালে
C. বিচলিত ব্যক্তি D. দুর্লভ বস্তু

**Ans C** বিশ্লেষণ কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারার অর্থ: চক্ষুদান করা = চুরি করা, কচুকাটা = নির্মমভাবে ধ্বংস করা, অন্নজল ওঠা = আয়ু বা সময় ফুরিয়ে আসা, অর্ধচন্দ্র = গলা ধাক্কা দেওয়া।

**09. "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতায় একুশের চেতনার রং-**
A. পীত B. নীল C. কালো D. লাল

**Ans D** বিশ্লেষণ একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং বলতে কবি কৃষ্ণচূড়া ফুলের রক্তবর্ণ দ্বারা ভাষা আন্দোলনে শহিদদের রক্তে চেতনার প্রতিফলনকে বুঝিয়েছেন। সেই চেতনার রং লাল।

**10. 'কেন কবি আজ এমন উন্মনা তুমি?' -এখানে 'উন্মনা' শব্দের 'উৎ' যে অর্থ বহন করে-**
A. উঁচু B. নিচু C. ভিতর D. বাহির

**Ans D** বিশ্লেষণ 'তাহারেই পড়ে' মনে কবিতাটি 'সংলাপ-নির্ভর' কবিতা। যার মূলকথা হলো কবির প্রিয়জন হারানোর বেদনার স্মৃতিকাতরতা।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**11. কোনটি শুদ্ধ নয়-**

A. হরীতকী B. উষা
C. উরু D. উচ্ছল

**Ans C** বিশ্লেষণ কয়েকটি শুদ্ধ শব্দ হলো – সংক্রান্ত, ভিত্তিক, বশত, সংখ্যক ইত্যাদি।

**12. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'-এর এককথায় প্রকাশিত রূপ-**

A. ঐতিহাসিক B. ইতিহাসবেত্তা
C. ইতিহাস বিশেষজ্ঞ D. ইতিহাস রচয়িতা

**Ans B** বিশ্লেষণ কয়েকটি গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ হলো –

- যা কখনও হবে না – অসম্ভব। • জলময় স্থান – অনুপ।
- যা দেখা যায় না – অদৃশ্য। • বহুর মধ্যে এক – অন্যতম।

**13. 'শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন' এটি-**

A. বচন B. ছড়া C. ধাঁধা D. প্রবাদ

**Ans D** বিশ্লেষণ **কয়েকটি গুরুত্বপূর্ণ প্রবাদ হলো –**

- অতি চালাকের গলায় দড়ি।
- অতি চেনার কদর নাই।
- অল্প বিদ্যা ভয়ঙ্কর।
- ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না।

**14. মৃত্যুকালে সিরাজের মুষ্টিবদ্ধ হাত কীসের প্রতীক?**

A. প্রতিরোধের B. অন্তিম প্রচেষ্টার
C. স্বদেশপ্রেমের D. আন্দোলনের

**Ans B** বিশ্লেষণ বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলা তার অন্তিম মুহূর্তেও বেঁচে থেকে লড়ে যাওয়ার যে আকাঙ্খা তারই বহিঃপ্রকাশ উদ্দীপকের লাইনটিতে প্রকাশ পেয়েছে।

**15. 'লালসালু' উপন্যাসে প্রদীপের আলোর সাথে তুলনা করা হয়েছে-**

A. আওয়ালপুরের পীর সাহেবকে B. রহিমাকে
C. জমিলাকে D. মজিদকে

**Ans A** বিশ্লেষণ 'লালসালু' উপন্যাস বাংলাদেশের সামাজিক সমস্যামূলক একটি উপন্যাস। যেখানে লেখক সৈয়দ ওয়ালীউল্লাহ ধর্মীয় দৃষ্টিকোণ থেকে প্রচলিত বিভিন্ন কুসংস্কার তার এই উপন্যাসে তুলে ধরেছেন।

## বাংলা | লিখিত-২০

**01. নিচের গদ্যাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর (ক-ঙ) উত্তর দাওঃ**

মানব-কল্যাণ অলৌকিক কিছু নয়- এ এক জাগতিক মানবধর্ম। তাই এর সাথে মানব মর্যাদার তথা Human dignity-এর সম্পর্ক অবিচ্ছেদ্য। আজ পৃথিবীর দিকে তাকিয়ে দেখলে কি দেখতে পাই? দেখতে পাই দুস্থ, অবহেলিত, বাস্তহারা, স্বদেশ-বিতাড়িত মানুষের সংখ্যা দিন দিনই বেড়ে চলেছে। সে সঙ্গে বৃদ্ধি পেয়েছে রিলিফ, রিহেবিলিটেশন ইত্যাদি শব্দের ব্যাপক প্রয়োগ। রেডক্রস ইত্যাদি সেবাধর্মী সংস্থার সংখ্যা বৃদ্ধিই কি প্রমাণ করে না মানব-কল্যাণ কথাটা স্রেফ মানব-অপমানে পরিণত হয়েছে? মানুষের স্বাভাবিক অধিকার আর মর্যাদার স্বীকৃতি আর প্রতিষ্ঠা ছাড়া মানব-কল্যাণ মানব-অপমানে পরিণত না হয়ে পারে না। কালের বিবর্তনে আমরা এখন আর tribe বা গোষ্ঠীবদ্ধ জীব নই- বৃহত্তর মানবতার অংশ। তাই go of humanity-কে বিচ্ছিন্ন, বিক্ষিপ্ত কিংবা খণ্ডিতভাবে দেখা বা নেওয়া যায় না। তেমনি নেওয়া যায় না তার কল্যাণকর্মকেও খণ্ডিত করে। দেখতে মানুষও অন্য একটা প্রাণী মাত্র, কিন্তু ভেতরে মানুষের মধ্যে রয়েছে এক অসীম ও অনন্ত সম্ভাবনার বীজ। যে সম্ভাবনার স্ফুরণ-স্ফুটনের সুযোগ দেওয়া, ক্ষেত্র রচনা আর তাতে সাহায্য করাই শ্রেষ্ঠতম মানব-কল্যাণ।

**(ক) মানব-কল্যাণের সঙ্গে মানব মর্যাদার সম্পর্ক কেন অবিচ্ছেদ্য?**

**Solve** মানুষের মধ্যকার সাম্প্রদায়িক দ্বিধা-বিভক্তি নিয়ে মানব-কল্যাণ সাধন করা সম্ভব নয়। দান-খয়রাতকে অনেকেই করুণাবশত মানব কল্যাণ বলে মনে করে। কিন্তু লেখকের মতে এমন ধারণা খুবই সংকীর্ণ মনোভাবের পরিচয় বহন করে। তার মতে, মানব-কল্যাণ হলো মানুষের সার্বিক মঙ্গলের প্রয়াস। এই কল্যাণের লক্ষ্য সব অবমাননাকর অবস্থা থেকে মর্যাদাপূর্ণ অবস্থায় মানুষের উত্তরণ ঘটানো। লেখকের বিশ্বাস, মুক্তবুদ্ধির সহায়তায় পরিকল্পনামাফিক পথেই কল্যাণকর পৃথিবী রচনা করা সম্ভব।

**(খ) গদ্যাংশটিতে ব্যবহৃত 'কী' এবং 'কি' এর অর্থগত ও ব্যাকরণগত পার্থক্য কর।**

**Solve** 'কী' ও 'কি' দুটি সম্পূর্ণ আলাদা শব্দ এবং একটির জায়গায় অন্যটি ব্যবহার করা মারাত্মক ভুল। এই দুটি শব্দের পার্থক্য বোঝার সবচেয়ে সহজ উপায় হল, এই দুটিই প্রশ্নবাচক শব্দ এবং সমস্ত প্রশ্নেরই একটি উত্তর থাকে যার উপর নির্ভর করে বাক্যে কোনটি বসবে। প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' বা 'না' হয় তাহলে 'কি' হবে। প্রশ্নের উত্তর যদি অন্য কিছু হয়, অর্থাৎ অন্য কোন শব্দের দ্বারা দিতে হয় তাহলে 'কী' বানান বসবে।

**(গ) 'অসীম' ও 'অনন্ত সম্ভাবনা' পদবন্ধের প্রাসঙ্গিকতা ও তাৎপর্য সংক্ষেপে লেখ।**

**Solve** মানব কল্যাণের মাঝেই নিহিত রয়েছে আত্মিক ও মানসিক প্রশান্তি। মানব কল্যাণই 'অসীম' ও 'অনন্ত সম্ভাবনার' দুয়ার খুলে দিতে পারে। যা আজকের বিশ্বের মানব কল্যাণের জন্য বড়ই গুরুত্বপূর্ণ। আজকের বিশ্বের মানব কল্যাণের জন্য বড়ই গুরুত্বপূর্ণ। আজকের হানাহানি পূর্ণ, সংঘাত, যুদ্ধ-বিধ্বস্ত বিশ্বে এক শান্তিময় ও অপার সৌন্দর্য ও সুখের পৃথিবীর দরজা খুলে দিতে পারে। তাই 'অসীম' সম্ভাবনা প্রাসঙ্গকতা ও তাৎপর্য অতীব গুরুত্বপূর্ণ।

**(ঘ) গদ্যাংশটিতে ব্যবহৃত ইংরেজি শব্দের তালিকা তৈরি কর।**

**Solve** **প্রদত্ত গদ্যাংশটিতে ব্যবহৃত ইংরেজি শব্দের তালিকা:**

- Human = মানব, মানবীয়। • Dignity = মর্যাদা।
- Relief = মুক্তি, নিবৃত্তি। • Rehabilitation = পুনর্বাসন।
- Tribe = উপজাতি, গোষ্ঠী, গোত্র। • Go = যাওয়া।
- of = র, এর। • Humanity = মানবিকতা।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**(ঙ) গদ্যাংশটিতে প্রকাশিত বক্তব্যের সারাংশ দুটি বাক্যে লেখ।**

**Solve** মানব কল্যাণের মাধ্যমে পৃথিবীতে শান্তির বীজ বপন করা সম্ভব। যা একমাত্র আমাদের সবার সম্মিলিত প্রয়াস ও প্রচেষ্টার মাধ্যমেই অর্জিত হতে পারে। তাই এটাই প্রতীয়মান হয় যে, মানব কল্যাণ ও মানব মর্যাদা যেন একই সূত্রে গাঁথা।

**02. সারমর্ম লেখঃ**

**তোমার মাপে হয়নি সবাই**
**তুমিও হওনি সবার মাপে**
**তুমি মর কারো ঠেলায়**
**কেউ-বা মরে তোমার চাপে।**
**তবু ভেবে দেখতে গেলে**
**এমনি কিসের টানাটানি,**
**তেমন করে হাত বাড়ালে**
**সুখ পাওয়া যায় অনেকখানি।**
**আকাশ তবু সুনীল থাকে**
**মধুর সাথে ভোরের আলো,**
**মরণ এলে হঠাৎ দেখি**
**মরার চেয়ে বাঁচাই ভালো।**

**Solve** পৃথিবীতে ছোট-বড়, ধনী-গরিব, ভালো-মন্দ, বাঁচা-মরা, আর পাওয়া না পাওয়ার মাঝে নিরন্তর দ্বন্দ্ব লেগেই আছে। জীবনে ভালো-মন্দ যাই ঘটুক, সকলকে আপন করে নিয়ে, সকলের সঙ্গে সম্প্রীতি বজায় রেখে সহজভাবে মিলেমিশে চলতে পারলেই প্রকৃত সুখ পাওয়া যায়।

**03. বানান ভুল ও বাক্যের অসংগতি দূর করে বাক্যগুলো আবার লেখ।**

**(ক) এই সব মানুষগুলো আজ উদ্বাস্তু জীবন কাটিয়েছে।**

**Solve** এই মানুষগুলো আজ উদ্বাস্তু জীবন কাটাচ্ছে।

**(খ) মূর্ক লোকের দূর্গতির সীমা থাকে না।**

**Solve** মূর্খ লোকেদের দুর্গতির সীমা থাকে না।

**(গ) তাহার জন্য অপেক্ষা করা মোটেও সমীচিন হবে না।**

**Solve** তার জন্য অপেক্ষা করা মোটেও সমীচীন হয় নি।

**(ঘ) তোমর অসৌজন্যে তিনি ব্যাথিত হয়েছে।**

**Solve** তোমার অসৌজন্যে তিনি ব্যথিত হয়েছেন।

**(ঙ) তুমি কি ধৈর্য্য ধারণ করতে পারছ না।**

**Solve** তুমি কি ধৈর্য ধারণ করতে পারছো না?

## ঢাকা বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2022-2023
C-ইউনিট

**বাংলা** | **বহুনির্বাচনী-১২**

**01. পূরণবাচক শব্দ কোনটি?**

A. একক B. এক C. প্রথম D. পহেলা

**S Ⓒ Why** পূরণবাচক/ক্রমবাচক শব্দ হলো সেইসব শব্দ যারা বিভিন্ন উপাদানের ক্রমিক অবস্থান বর্ণনা করে। যেমন-প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম ইত্যাদি।

**02. Dialect শব্দের বাংলা পরিভাষা কোনটি?**

A. মাতৃভাষা B. রাষ্ট্রভাষা C. উপভাষা D. মানভাষা

**S Ⓒ Why কয়েকটি গুরুত্বপূর্ণ বাংলা শব্দের পরিভাষা:** মাতৃভাষা-Mother Tongue, রাষ্ট্রভাষা-State language, উপভাষা-Dialect, Standard Language-প্রমিত ভাষা।

**03. নিচের কোনটির অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে?**

A. অনুসর্গ B. উপসর্গ C. প্রত্যয় D. সমাস

**S Ⓑ Why উপসর্গ:** যেসব বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু এবং শব্দের আগে বসে সাধিত শব্দের পরিবর্তন, সম্প্রসারণ কিংবা সংকোচন ঘটায়, তাদের বলা হয় উপসর্গ। যেমনঃ প্র, পরা, পরি, নির ইত্যাদি। উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে। অর্থাৎ উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকথা আছে। অনুসর্গ স্বাধীন শব্দের পরে বসে।

**04. 'অপরিচিতা' গল্পের কথকের 'জীবনটা না দৈর্ঘ্যের হিসেবে বড়, না —।**

A. গুণের হিসাবে B. প্রস্থের হিসেবে
C. উষ্ণতার হিসেবে D. ভাগের হিসাবে

**S Ⓐ Why** 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার (১৩২১) বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রনাথ গল্পের সংকলন 'গল্পসপ্তক' এ এবং পরে, 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)। গল্পের শুরুর চরণ হলো – 'আজ আমার বয়স সাতাশ মাত্র। এ জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড়ো, না গুণের হিসাবে।

**05. কোনো দিকে নাহি চায়, এই পঙ্ক্তি আগের পঙ্ক্তি হলো ———।**

A. ঢেউগুলি নিরুপায় B. ভরা পালে চলে যায়
C. ঢেউগুলি কোথা যায় D. দেখে যেন মনে হয় চিনি উহারে

**S Ⓑ Why** রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতাটি ১৮৯৪ সালে প্রথম প্রকাশিত হয়। কবিতাটির চরণে পাই:
গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে,/দেখে যেন মনে হয় চিনি উহারে।
ভরা-পালে চলে যায়/কোনো দিকে নাহি চায়,
ঢেউগুলি নিরুপায়/ভাঙে দু-ধারে--

**06. 'এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা'- 'রেইনকোট' গল্পে 'কাঁটা' বলতে বোঝানো হয়েছে ———।**

A. গ্রন্থাগার B. ঢাকা বিশ্ববিদ্যালয়
C. মন্দির D. শহিদ মিনার

**S Ⓓ Why** 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় হয় ১৯৯৫ সালে। পরে এটি আখতারুজ্জামান ইলিয়াসের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গ্রন্থে সংকলিত হয়। মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। রেইনকোট গল্পে–এপ্রিল মাসের মাঝামাঝি প্রিন্সিপ্যাল মিলিটারির বড় কর্তাদের কাছে সবিনয় করেছিল, পাকিস্তান যদি বাঁচাতে হয় তো সব স্কুল, কলেজ থেকে শহিদ মিনার হটাও। এসব আন অথরাইজড কনস্ট্রাকশন হলো হিন্দুদের শিবলিঙ্গের সামিল, এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা। পাকিস্তানের পাক সাফ শরীরটাকে নীরোগ করতে হলে এসব কাঁটা সরাতে হবে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
A. কলেজ চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ
B. কলেজ চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষিদ্ধ
C. কলেজ চলাকালীন হর্ন বাজানো নিষেধ
D. কলেজ সময়ে হর্ণ বাজানো নিষিদ্ধ।

S Ⓒ WhY A ও B অপশনে বাহুল্যদোষ উপস্থিত। চলাকালীন শব্দের মধ্যেই সময় নিহিত আছে। তাই 'কালীন' শব্দের পরে সময় লেখার প্রয়োজন নেই। সঠিক উত্তর হবে-কলেজ চলাকালীন হর্ন বাজানো নিষেধ।

**08. 'পগার পর' বাগধারাটির অর্থ-**
A. পলায়ন করা B. রোপণ করা
C. লাফ দেওয়া D. বাগানের কিনার

S Ⓐ WhY **কয়েকটি প্রয়োজনীয় বাগধারা:** পগার পার = পলায়ন করা, অগস্ত্য যাত্রা = (চির দিনের জন্য প্রস্থান), অগাধ জলের মাছ = (সুচতুর ব্যক্তি), আদা জল খেয়ে লাগা = (প্রাণপণ চেষ্টা করা), আক্কেল গুড়ুম = (হতবুদ্ধি, স্তম্ভিত), উনপাঁজুড়ে = (অপদার্থ), উনপঞ্চাশ বায়ু = (পাগলামি), এক ক্ষুরে মাথা মুড়ানো = (একই স্বভাবের), কথার কথা = (গুরুত্বহীন কথা), কাঁঠালের আমসত্ত্ব = (অসম্ভব বস্তু), কপাল ফেরা (সৌভাগ্য লাভ)।

**09. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?**
A. কৃচ্ছ B. ভারসাম্যতা C. সমৃদ্ধিশালী D. সখা

S Ⓑ WhY 'ভারসাম্য' শব্দটি নিজেই একটি বিশেষ্য। এই শব্দের শেষে আর 'তা' প্রত্যয় যুক্ত করার প্রয়োজন নেই। 'তা' প্রত্যয় যুক্ত করলে শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত হয়ে যায়।

**10. নিচের কোন বানানটি শুদ্ধ নয়?**
A. স্বত্বাধিকারী B. স্বায়ত্তশাসন C. সংস্রব D. স্নেহাস্পদ

S Ⓓ WhY প্রদত্ত অশুদ্ধ বানানটির শুদ্ধরূপ স্নেহাস্পদ।

**▣ কতিপয় শুদ্ধ বানান হলো –**
শাশ্বত, ন্যূনতম, দারিদ্র, অপরাহ্ণ, দ্বন্দ্ব, উচ্ছ্বাস ইত্যাদি।

**11. পা দিয়ে পান করে যে-**
A. নগ B. পন্নগ C. টিকটিকি D. পাদপ

S Ⓓ WhY **গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ:** পরকে (কোকিল শাবক) পালন করে যে = পরভৃৎ (কাক), পরের (কাকের) দ্বারা প্রতিপালিত যে = পরাভৃত (কোকিল), পা দিয়ে যে চলে না = পন্নগ (সর্প), পা ধোয়ার জল = পাদ্য, পান করার ইচ্ছা = পিপাসা, পিতৃগৃহবাসিনী = চিরুন্টী, পুণ্যকর্ম সম্পাদনের জন্য শুভ দিন = পুন্যাহ, পুরুষের উদ্দাম নৃত্য = তাণ্ডব।

**12. 'ঋজু' শব্দের বিপরীত শব্দ-**
A. শক্ত B. কঠিন C. জঙ্গম D. বঙ্কিম

S Ⓓ WhY **কিছু বিপরীত শব্দ:**
- সদাচার ⟶ কদাচার
- সমুল ⟶ বন্ধুর
- হ্রাস ⟶ বৃদ্ধি
- অনুগ্রহ ⟶ নিগ্রহ
- অনুলোম ⟶ প্রতিলোম
- অনুজ ⟶ অগ্রজ
- উপকার ⟶ অপকার
- আকর্ষণ ⟶ বিকর্ষণ
- আজ ⟶ কাল
- আত্ম ⟶ পর
- আগত ⟶ অনাগত
- আবাদি ⟶ অনাবাদি
- আবৃত ⟶ উন্মুক্ত

## বাংলা লিখিত-১০

**01. Translate the following sentence into English.**
**A. পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেল।**
Solve The situation went out of control.
**B. তুমি পড়াশোনায় অবহেলা করো কেন?**
Solve Why do you neglect your studies?
**C. তুমি কি বইটি পড়ে শেষ করেছ?**
Solve Have you finished reading the book?
**D. শোনা কথায় বিশ্বাস করো না।**
Solve Don't believe what you hear.

**02. Translate the following sentence into Bangla.**
A. Today is a nice day, isn't it?
Solve আজ একটি সুন্দর দিন। তাই না?
B. I shall wait until you come back.
Solve তুমি ফিরে আসা পর্যন্ত আমি অপেক্ষা করব।
C. Because of heavy fog, we could not go out.
Solve ঘন কুয়াশার কারণে আমরা বাহিরে যেতে পারিনি।
D. Now it is half past four.
Solve এখন সাড়ে চারটা বাজে।

**03. নিচের বাক্যগুলো বানান ও ব্যাকরণগত ত্রুটি সংশোধন করে লেখ। বাক্যে কোনো শব্দ সংযোজন বা বিয়োজন করা যাবে না।**
A. 'ভূগোল' বিশেষ্য পদটি বিশেষণে রূপান্তর করিলে হবে 'ভৌগলিক'।
Solve 'ভূগোল' বিশেষ্য পদটি বিশেষণে রূপান্তর করিলে হবে 'ভৌগোলিক'।
B. দুষ্কৃতিকারীর সমাজের শত্রু।
Solve দুষ্কৃতকারীরা সমাজের শত্রু।
C. তার চাতুর্যতা আমাকে ব্যথিত করেছে।
Solve তার চাতুর্য আমাকে ব্যথিত করেছে।
D. সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।
Solve সমৃদ্ধ বাংলাদেশ আমাদের একান্তই কাম্য।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা-2022-2023
**C-ইউনিট সেট-H**

**01. মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর বিলাসী কত দিন বেঁচে ছিল?**
A. সপ্তাখানেক B. মাসখানেক C. ৩ দিন D. ১৫ দিন

Ans A বিশ্লেষণ 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয় সাপের কামড় খেয়ে মারা যায়। তার স্ত্রী বিলাসী তার এই মৃত্যুশোক সইতে না পেরে এক সপ্তাহের মধ্যে আত্মহত্যা করে।

**02. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার বাঁশরী বলেছেন?**
A. ইস্রাফিলের B. অর্ফিয়াসের C. শ্যামের D. শুদ্ধ B ও C

Ans C বিশ্লেষণ 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে শ্যামের বাঁশরী বলেছেন। এখানে শ্যাম বলতে শ্রীকৃষ্ণকে বোঝানো হয়েছে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**03. মকর মুখো বালা কী?**
A. ময়ূরের পেখমমেলা হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
B. সাপের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
C. মাছের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
D. উপরের একটিও নয়।
**Ans C** বিশ্লেষণ মকর মুখো বালা বলতে মূলত বোঝানো হয়েছে মাছের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।

**04. মধুসূদন দত্ত 'সৌমিত্রী' বলতে কাকে বুঝিয়েছেন?**
A. রামের স্ত্রী সীতাকে B. লক্ষণের স্ত্রী সুমিত্রাকে
C. রামের অনুজ লক্ষণকে D. উপরের সবগুলোই অশুদ্ধ
**Ans B** বিশ্লেষণ কবি মাইকেল মধুসূদন দত্ত সৌমিত্রী বলতে সুমিত্রার গর্ভজাত সন্তান লক্ষণকে বুঝিয়েছেন।

**05. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ?**
A. মতিহার B. পদ্মচুর C. মতিচূর D. পদ্মহার
**Ans C** বিশ্লেষণ বেগম রোকেয়া তার নারীবাদী চিন্তার প্রকাশ ঘটিয়েছেন 'মতিচূর' প্রবন্ধের মাধ্যমে। তার উল্লেখযোগ্য রচনা: পদ্মরাগ, সুলতানার স্বপ্ন, অবরোধবাসিনী, পদ্মরাগ ইত্যাদি।

**06. নিচের কোন কবিতাংশটি শুদ্ধ?**
A. এতকাল নদীতীরে/যাহা লয়ে ছিনু ভুলে।
B. আমি বঞ্চিত ব্যথা পরবাসী চির গৃহহারা যত পথিকের।
C. শুদ্ধ A ও B
D. মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন।
**Ans D** বিশ্লেষণ মাধবী কুঁড়ির বুঝে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন? "হোক তবু বসন্তের প্রতি কেন এই তব তীব্র বিমুখতা?"

**07. নিচের কোন বাক্যে ক্রিয়া উহ্য রয়েছে?**
A. ওখানে কে রে? B. পেছনে তাকিয়ে কী দেখ?
C. উত্তাল সমুদ্রে নৌকাটি ভাসছে। D. তার ডাক শুনে কেই এলো না।
**Ans A** বিশ্লেষণ যে বাক্যে ক্রিয়াপদ উহ্য থাকে তাকে অনুক্ত ক্রিয়া বলে। যেমন: ওখানে কে রে?

**08. কোনটি শুদ্ধ?**
A. ষ্ + ঞ = ষ্ণ B. ষ্ + ণ = ষ্ণ
C. ঞ্ + ষ = ষ্ণ D. ঞ্ + চ = ষ্ণ
**Ans B** বিশ্লেষণ প্রদত্ত শব্দগুলোর মাঝে সঠিক হলো – ষ + ণ = ষ্ণ।

**09. নিচের কোনটি দিগু সমাসে?**
A. দোতলা B. আকৈশোর
C. ভরসন্ধ্যা D. বনেবাদাড়ে
**Ans A** বিশ্লেষণ **কয়েকটি গুরুত্বপূর্ণ দ্বিগু সমাস:**
- তিন কালের সমাহার = ত্রিকাল।
- তিন মাথার সমাহার = তেমাথা।
- শত অব্দের সমাহার = শতাব্দী।

**10. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ?**
A. অদ্রি – অসুর B. অদ্রি – পর্বত
C. অদ্রি – সমুদ্র D. অদ্রি – জাহাজ
**Ans C** বিশ্লেষণ প্রদত্ত শব্দগুলোর মাঝে সমার্থক শব্দ হলো –অদ্রি – পর্বত।

**11. 'তুমি কি কেবলই ছবি?' – এই বাক্যে 'কি' কোন পদ?**
A. অব্যয় B. বিশেষ্য C. সর্বনাম D. ক্রিয়াবিশেষণ
**Ans A** বিশ্লেষণ 'তুমি কি কেবলই ছবি?' এই বাক্যে 'কি' অব্যয় হিসেবে ব্যবহৃত হয়েছে।

**12. শুদ্ধ বানান কোনটি?**
A. অনাকাঙ্খিত B. নিরবিচ্ছিন্ন C. কৈশর D. পিচাশ
**Ans A** বিশ্লেষণ প্রদত্ত শব্দগুলোর মাঝে শুদ্ধ শব্দ হলো – অনাকাঙ্খিত।

**13. Song Offerings গ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান কে?**
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জন মিল্টন
C. চিনুয়া আচেবে D. জন ডান
**Ans A** বিশ্লেষণ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি যার ইংরেজি অনুবাদ Song Offerings গ্রন্থটির জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন।

**14. কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?**
A. সহজে জানা যায় না যা – দুর্জ্ঞেয়
B. হাতির ডাক – মন্দ্র
C. যে গাছে ফুল ধরে কিন্তু ফল ধরে না – বনস্পতি
D. যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে – অবিমৃষ্যকারী
**Ans B** বিশ্লেষণ একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে, তাকে বাক্য সংক্ষেপণ বলে। বাক্য সংকোচন অর্থাৎ একটি মাত্র শব্দে বাক্যের ভাব প্রকাশ করা।

**15. 'কবিকঙ্কণ' বলা হয় কাকে?**
A. মুকুন্দরাম চক্রবর্তীকে B. কাহ্নপাকে
C. বিদ্যাপতিকে D. ঈশ্বরচন্দ্র গুপ্তকে
**Ans A** বিশ্লেষণ মুকুন্দরাম চক্রবর্তী তার চণ্ডীমন্ডল কাব্যের নামকরণ করেন 'অভয়ামঙ্গল ও অম্বিকামঙ্গল'। গণজীবনের করুণ চিত্র তার এ কাব্যে তুলে ধরেন। কবির প্রতিভার স্বীকৃতিস্বরূপ রাজা রঘুনাথ তাকে কবিকঙ্কণ উপাধি প্রদান করেন। তার পূর্ণনাম হচ্ছে কবি কঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
### ভর্তি পরীক্ষা-2022-2023
**C1-ইউনিট সেট-A**

**01. 'স্বচ্ছসলিল' কোন সমাসের উদাহরণ?**
A. তৎপুরুষ B. বহুব্রীহি C. দ্বন্দ্ব D. দ্বিগু
**Ans B** বিশ্লেষণ যে সমাসে সমস্যমান পদগুলোর কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ, ঠোঁট কাটা যার = ঠোটকাটা, হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি।

**02. 'ভক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় লিখ।**
A. ভক্ + ক্তি B. ভজ্ + ক্তি C. ভচ্ + ক্তি D. ভজ + ক্তি
**Ans B** বিশ্লেষণ এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরী শব্দকে **প্রকৃতি বলে।** প্রত্যয় হলো এই প্রকৃতির পর যুক্ত হওয়া কিছু অর্থহীন শব্দাংশ, যা নতুন শব্দ তৈরী করে, মূলত প্রকৃতির সাথে যুক্ত অর্থহীন শব্দাংশই প্রকৃতি-প্রত্যয়। ভক্তি শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো – ভজ্ + ক্তি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**03. 'আচাভুয়ার বোম্বাচাক' এর অর্থ কি?**

A. মিথ্যার বাহার B. ভূয়া বোমের চাক

C. অসম্ভব ব্যাপার D. মৌমাছির চাক

**Ans C** বিশ্লেষণ "আচাভুয়ার বোম্বাচাক" এর বাংলা ভাষায় অর্থ হয় 'অসম্ভব ব্যাপার'। এটি একটি উপস্থাপনার উপকরণ যা ব্যবহৃত হয় ভাষায় ভুল অথবা অসম্ভব কিছু বলার সময়।

**04. কোনটি ঘোষ ধ্বনির উদাহরণ?**

A. য B. চ C. ঞ D. ঝ

**Ans D** বিশ্লেষণ যে বর্ণগুলো উচ্চারণ করতে ফুসফুস থেকে অপেক্ষাকৃত অধিক বাতাস প্রবাহিত হয় এবং উচ্চারণ নিনাদিত হয় তাদের ঘোষ বর্ণ বলে। প্রদত্ত বর্ণগুলোর মাঝে "ঝ" একটি ঘোষ ধ্বনি।

**05. সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান দুই নারী চরিত্র-**

A. আমেনা, বিবি, জমিলা B. রহিমা, জমিলা

C. ফাতেমা, রহিমা D. আবছা, জমিলা

**Ans B** বিশ্লেষণ সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান দুই নারী চরিত্র হলো – রহিমা ও জমিলা।

**06. নিচের কোন গ্রন্থসমূহ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত নয়?**

A. কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, রঙ্গমঞ্চ প্রবন্ধ

B. কৃষ্ণকান্তের উইল, রাজসিংহ, দুর্গেশনন্দিনী

C. দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, বিচিত্র প্রবন্ধ

D. বিষবৃক্ষ, কমলাকান্তের দপ্তর, লোকরহস্য

**Ans C** বিশ্লেষণ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা সাহিত্যের এক খ্যাতিমান লেখক। তার লেখনির রসবোধ বরাবরই পাঠক সমাজকে আকৃষ্ট করে। তার উল্লেখযোগ্য রচনা হলো – কৃষ্ণকান্তের উইল, কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, দুর্গেশনন্দিনী ইত্যাদি।

**07. কোনটি সঠিক?**

A. উদ্ + ডীন = উড্ডীন B. দিব্ + লোক = দ্যুলোক

C. ভব + অন = ভবন D. পুন + আগত = পুনরাগত

**Ans B** বিশ্লেষণ সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুটি ধ্বনি মিলিয়ে একটি ধ্বনিতে পরিণত হওয়াকে বা পরস্পর সন্নিহিত দুই বর্ণের মিলনকে সন্ধি বলে। প্রদত্ত সন্ধি বিচ্ছেদের মাঝে সঠিক হলো – দিব্ + লোক = দ্যুলোক।

**08. বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে ছিলেন?**

A. বৈষ্ণব কবি B. বড়ু চণ্ডীদাস

C. বিদ্যাপতি D. ড. দীনেশ চন্দ্র সেন

**Ans C** বিশ্লেষণ রাধা-কৃষ্ণের প্রেমলীলা নিয়ে রচিত বৈষ্ণব পদাবলী এক শ্রেণীর ধর্ম সংগীত। বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা ছিলেন – বিদ্যাপতি ও বড়ু চণ্ডীদাস।

**09. কোন শব্দ দু'টি 'পদ্ম' শব্দের সমার্থক?**

A. উদক, পয়ঃ B. নলিন, রাজিব

C. জায়া, দার D. মিহির, মিত্র

**Ans B** বিশ্লেষণ পদ্ম শব্দের সমার্থক শব্দ হলো – নলিন, রাজিব। আরো কয়েকটি সমার্থক শব্দ হলো – মৃণাল, সরসিজ, সরোজ, ইন্দিরা, কামরস ইত্যাদি।

**10. কোন শব্দযুগলের দু'টি বানানই সঠিক?**

A. সঞ্চয়, বাঞ্ছনীয় B. অঞ্জনা, শুশ্রুষা

C. রুপসি, শত্রূ D. সাস্থ্য, মুমূর্ষ

**Ans B** বিশ্লেষণ গুরুত্বপূর্ণ কিছু শব্দের বানান – নিরীক্ষণ, অপরাহ্ণ প্রণয়ন, দুর্জয়, দুরন্ত, বিপণী, ব্যাখ্যাবলি, তথ্যাবলি, রূপায়ন, ব্যাকরণ, পদ্ম ইত্যাদি।

## রাজশাহী বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা-2022-2023

**A-ইউনিট (Group-01)**

**01. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে অর্থগতভাবে বাক্য কত প্রকার?**

A. পাঁচ B. ছয় C. সাত D. আট

**Ans C** বিশ্লেষণ বাংলা সাহিত্যের বিভিন্ন ভাষাবিদ বাক্যকে বিভিন্ন ভাগে ভাগ করেছেন। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাক্যকে সাত ভাগে ভাগ করেছেন।

**02. "মাসি-পিসি" গল্পে আহ্লাদি নামক তরুণীটি কার নির্যাতনের শিকার?**

A. দারোগা B. জোতদার C. গুন্ডা-বদমাশ D. স্বামী

**Ans D** বিশ্লেষণ 'মাসি-পিসি' গল্পটি একটি সামাজিক সমস্যামূলক গল্প। গল্পে 'মাসি-পিসির' সংগ্রামের বিষয়টি ফুটে উঠেছে। গল্পে আহ্লাদি নামক তরুণীটি স্বামীর নির্যাতনের শিকার হয়ে 'মাসি-পিসি'র কাছে আশ্রয় নিয়েছিল।

**03. 'আমি কিংবদন্তির কথা বলছি'। এখানে 'কিংবদন্তি' শব্দবন্ধটি কিসের প্রতীক?**

A. ঐতিহ্যের B. ইতিহাসের

C. পৌরাণিক কাহিনীর D. পূর্বপুরুষের

**Ans A** বিশ্লেষণ 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তী' শব্দবন্ধটি পূর্বপুরুষের ঐতিহ্যের প্রতীক হিসেবে ব্যবহৃত হয়েছে।

**04. সংস্কৃত অনুসর্গ কোনটি?**

A. সবার <u>আগে</u> দরকার B. প্রাণের <u>অপেক্ষা</u> প্রিয়

C. ভাতের <u>বদলে</u> রুটি D. মন <u>দিয়ে</u> পড়ো

**Ans B** বিশ্লেষণ অপেক্ষা অনুসর্গটি একটি সংস্কৃত অনুসর্গ। কতিপয় সংস্কৃত অনুসর্গ হলো – সহিত, কর্তৃক, অভিমুখে, অপেক্ষা, নিমিত্ত প্রভৃতি।

**05. 'আকুঞ্চন' শব্দের বিপরীত শব্দ –**

A. উত্তমর্ণ B. অপযশ C. প্রসারণ D. বহিরঙ্গ

**Ans C** বিশ্লেষণ **কতিপয় বিপরীত শব্দ:** ধনী-দরিদ্র, নিত্য-অনিত্য, পাপ-পুণ্য, ভয়-সাহস, তরুণ-বৃদ্ধ, দূর-নিকট ইত্যাদি।

**06. 'সন্দেহ' কোন প্রকারের বিশেষ্য?**

A. ভাববাচক B. সমষ্টিবাচক C. পরিমাণবাচক D. সংজ্ঞাবাচক

**Ans A** বিশ্লেষণ 'সন্দেহ' শব্দটি ভাববাচক বিশেষ্য। যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয় তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন: গমন, দর্শন, ভোজন, আনন্দ, বেদনা ইত্যাদি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. "লালসালু" উপন্যাসে 'দেশটা কোন মরার দেশ।' কোন প্রসঙ্গ বলা হয়েছে?**

A. খরা প্রবণতা B. ধর্মহীনতা
C. কর্ম সংকট D. ফসল স্বল্পতা

**Ans A** বিশ্লেষণ 'লালসালু' উপন্যাসে দেশটা মরার দেশ বলা হয়েছে মূলত খরা প্রবণতার কারণে। উপন্যাসে গারো পাহাড় তথা উত্তরবঙ্গের খরার বিষয়টি তুলে ধরা হয়েছে।

**08. 'রক্ত' শব্দের সমার্থক নয়–**

A. শোণিত B. রাগ C. অনুরক্ত D. রুধির

**Ans C** বিশ্লেষণ রক্ত শব্দের সমার্থক শব্দ হলো – রুধির, শোনিত, অসৃক, লস্য, পলক্ষার, রক্তক, অশ্র, অস্র, রোহিত, লোহু।

**09. কোনটি তদ্ভব শব্দ নয়?**

A. হাত B. পা C. কান D. পেট

**Ans D** বিশ্লেষণ যে শব্দগুলি সংস্কৃত ভাষা থেকে প্রাকৃত ও অপভ্রংশের মধ্য দিয়ে বিবর্তিত হয়ে বাংলা ভাষার শব্দভাণ্ডারে প্রবেশ করেছে, তাদের **'তদ্ভব শব্দ'** বলা হয়।

**10. অব্যয়জাত বিশেষণ–**

A. হারানো সম্পত্তি B. উপরি পাওনা
C. কাঁদো কাঁদো চেহারা D. কৃতি সন্তান

**Ans B** বিশ্লেষণ যে বিশেষণ পদ অব্যয় পদ থেকে জাত হয় তাকে অব্যয়জাত বিশেষণ বলে। যেমন: আচ্ছা লোকটি পেয়েছ, বেশ বাড়িটি বানিয়েছ।

**11. 'অশ্বের চালক' এক কথায় প্রকাশ –**

A. জকি B. কাঁধি C. সাদী D. ঘটক

**Ans C** বিশ্লেষণ **কতিপয় এক কথায় প্রকাশ:**

- অক্ষির সম্মুখে বর্তমান – প্রত্যক্ষ।
- অভিজ্ঞতার অভাব আছে যার – অনভিজ্ঞ।
- অহংকার নেই যার – নিরহংকার।
- অতি দীর্ঘ নয় যা – নাতিদীর্ঘ।
- অগ্রে জন্মেছে যে – অগ্রজ।
- পরে জন্মেছে যে – অনুজ।

**12. 'শীশ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?**

A. শ্রী + ঈশ B. শ্রী + ইশ C. শ্রী + শ D. শ্রি + ইশ

**Ans A** বিশ্লেষণ **কয়েকটি গুরুত্বপূর্ণ সন্ধি বিচ্ছেদ হলো –**

- অপ + ঈক্ষা = অপেক্ষা।
- অধিক + অংশ = অধিকাংশ।
- অরিম্ + দম = অরিন্দম।
- অর্ধ + এক = অর্ধেক।

**13. 'বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ।' বাক্যটি কোন কালের উদাহরণ?**

A. সাধারণ বর্তমান B. পুরাঘটিত অতীত
C. সাধারণ অতীত D. পুরাঘটিত বর্তমান

**Ans D** বিশ্লেষণ যে ক্রিয়া একটু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়ে গেছে, তাকে পুরাঘটিত বর্তমান কাল বলা হয়। যেমন: এখন বাবা অফিস থেকে ফিরেছেন। এবার মা খেতে ডেকেছেন।

**14. 'ভুলের মধ্যে দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।' উক্তিটির রচয়িতা কে?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. প্রমথ চৌধুরী
C. কাজী নজরুল ইসলাম D. আবুল ফজল

**Ans C** বিশ্লেষণ কাজী নজরুল ইসলাম রচিত 'আমার পথ' প্রবন্ধ থেকে আলোচ্য উক্তিটি নেওয়া হয়েছে।

**15. কোন দেশের কবি প্রথম সনেট লিখেন?**

A. ইতালী B. ফ্রান্স C. জার্মানী D. ইংল্যান্ড

**Ans A** বিশ্লেষণ ইতালির কবি পেত্রাক পৃথিবীর সর্বপ্রথম সনেট লিখেন। বাংলায় সনেটের প্রবর্তন করেন মাইকেল মধুসূদন দত্ত।

**16. 'দুই ভাইয়ের গলায় গলায় ভাব।' এখানে 'গলায় গলায়' কোন ধরনের দ্বিরুক্তি?**

A. শব্দাত্মক B. পদাত্মক C. ধ্বন্যাত্মক D. অব্যয়ের

**Ans B** বিশ্লেষণ একই বিভক্তিযুক্ত পদের পরপর দুবার ব্যবহারকে পদের দ্বিরুক্তি বা পদাত্মক দ্বিরুক্তি বলে। যেমন– রাশি রাশি ধান, ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায় ইত্যাদি।

**17. 'এমন লোক কে আছে যার দেশের প্রতি ভালোবাসার অভাব'। কোন ধরনের বাক্য?**

A. নেতিবাচক B. অনুজ্ঞাসূচক C. অস্থিবাচক D. ইচ্ছাসূচক

**Ans A** বিশ্লেষণ যে বাক্যে অসমর্থনের মাধ্যমে কোন কিছু বর্ণনা করা হয় তাকে নেতিবাচক বাক্য বলে। যেমন: তুমি কালকে আসবে না, তুমি তার সাথে কথা বলবে না, সে আর বিদেশ যাবে না ইত্যাদি।

**18. 'সকাল নয়টায় পরীক্ষা শুরু হবে।' এই বাক্যে 'সকাল নয়টায়' –**

A. অধিকরণ কারক B. অপাদান কারক
C. কর্মকারক D. কর্তা কারক

**Ans A** বিশ্লেষণ ক্রিয়া সম্পাদনের কাল (সময়) বা আধারকে অধিকরণ কারক বলে। যেমন: আমরা রোজ স্কুলে যাই, প্রভাতে সূর্য ওঠে, আমি বিকালে ঘুরতে বের হই।

**19. 'ভালুক জ্বর' বাগধারার অর্থ কী?**

A. জ্বর জ্বর ভাব B. দীর্ঘস্থায়ী জ্বর
C. ক্ষণস্থায়ী জ্বর D. তীব্র জ্বর

**Ans C** বিশ্লেষণ **কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা:**

- চক্ষুলজ্জা = সংকোচ।
- ঘর ভাঙ্গানো = সংসার বিনষ্ট করা।
- ঘাটের মরা = অতি বৃদ্ধ।
- চুলোয় যাওয়া = ধ্বংস হওয়া।
- চোখের মণি = প্রিয়।
- জিলাপির প্যাঁচ = কুটিলতা।
- ঝড়ো কাক = বিপর্যস্ত।
- ঝাঁকের কৈ = এক দলভুক্ত।

**20. কোন বানানটি শুদ্ধ?**

A. বুদ্ধিজীবি B. মরীচিকা C. পুর্বাহ্ন D. আত্বা

**Ans B** বিশ্লেষণ **কতিপয় শুদ্ধ বানান –**

আইনজীবী, সন্ধিহান, প্রতিযোগিতা, আবৃত্তি, গীতাঞ্জলি, অত্যধিক, বুদ্ধিজীবী, পেশাজীবী ইত্যাদি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. "আমার পথ" প্রবন্ধে 'অভিশাপ-রথের সারথি' বলতে কী বুঝায়?**

A. অন্যায়ের প্রতিবাদী B. রথচালক
C. অভিশপ্ত জীবন D. সত্যের সন্ধানী

**Ans A** বিশ্লেষণ 'আমার পথ' প্রবন্ধে কবি বলেছেন সমাজের বিভিন্ন স্তরে প্রচলিত নানা ধরণের কুসংস্কার, পুরাতন নিয়মকে ভেঙ্গে তিনি নতুনভাবে নবরূপে সমাজকে প্রতিষ্ঠিত করতে চান। বিভিন্ন প্রচলিত অন্যায়ের প্রতিবাদ করার মানসে কবি নিজেকে অভিশাপ রথের সারথি বলেছেন।

**22. 'অন্নপাপ। বা রে! এর কি আর প্রায়শ্চিত্ত আছে।' অন্নপাপ কে করেছিল?**

A. খুড়া মশাই B. বিলাসী C. ন্যাড়া D. মৃত্যুঞ্জয়

**Ans D** বিশ্লেষণ অন্নপাপ বলতে 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয়ের নিচু জাতের মেয়ের হাতে ভাত খাওয়াকে বোঝায়। যেখানে অন্নপাপে পাপী হয়েছিল মৃত্যুঞ্জয়।

**23. "বিদ্রোহী" কবিতায় 'অর্ফিয়াস' এর পিতা কে ছিলেন?**

A. জিউস B. ইগ্রাস C. প্রমেথিউস D. সিসিফাস

**Ans B** বিশ্লেষণ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতায় অর্ফিয়াস এর পিতা গ্রিক দেবতা ইগ্রাস।

**24. "সিরাজউদ্দৌলা" নাটকটি কতটি অঙ্কে রচিত?**

A. সাত B. ছয় C. পাঁচ D. চার

**Ans D** বিশ্লেষণ ঐতিহাসিক পলাশীর যুদ্ধের বিভিন্ন দিক নিয়ে রচিত নাটক নবাব সিরাজউদ্দৌলা চারটি অঙ্কে রচিত। যার বিভিন্ন অঙ্কে রয়েছে পলাশীর যুদ্ধের বিভিন্ন ঘটনা।

**25. কোনটি সঠিক প্রকৃতি ও প্রত্যয়?**

A. সূর্য + অ = সৌর B. সর্বজন + ইন = সর্বজনীন
C. চাষ + ঈ = চাষি D. রাষ্ট্র + ইয় = রাষ্ট্রীয়

**Ans A** বিশ্লেষণ **কতিপয় গুরুত্বপূর্ণ প্রকৃতি ও প্রত্যয়:**
√ নী + ণক = নায়ক, √ পচ্ + ণক = পাচক, √ সিধ্ + ক্তি = সিদ্ধি।

**26. কোন শব্দে সাধারণ পূরণবাচক শব্দের নারীবাচক রূপের ব্যবহার আছে?**

A. ষোড়শ B. দশমী C. আটাশে D. ষোলই

**Ans B** বিশ্লেষণ প্রদত্ত শব্দগুলোর মাঝে 'দশমী' শব্দে সাধারণ পূরণবাচক শব্দের নারীবাচক রূপের ব্যবহার আছে।

**27. 'প্রবীণ' কোন প্রকারের শব্দ?**

A. যৌগিক B. রূঢ় C. যোগরূঢ় D. সাধিত

**Ans B** বিশ্লেষণ কিছু গুরুত্বপূর্ণ রূঢ়ী শব্দ: তৈল, ভাজা, সন্দেশ, গবেষণা, রাখাল, প্রবীণ, শ্বশুর, পাঞ্জাবী ইত্যাদি।

**28. 'ঘানির তেল' কোন সমাস?**

A. উপপদ তৎপুরুষ B. দ্বিতীয়া তৎপুরুষ
C. নিত্য তৎপুরুষ D. অলুক পঞ্চমী তৎপুরুষ

**Ans D** বিশ্লেষণ **কয়েকটি গুরুত্বপূর্ণ তৎপুরুষ সমাস:**

- বিলাত থেকে ফেরত = বিলাতফেরত।
- পদ থেকে চ্যুত = পদচ্যুত।
- প্রাণের চেয়ে অধিক = প্রানাধিক।
- প্রাণের চেয়ে প্রিয় = প্রাণপ্রিয়।
- আগা থেকে গোড়া = আগাগোড়া।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
### ভর্তি পরীক্ষা-2022-2023
**B-ইউনিট শিফট-C**

**01. "মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি"- কাদের জীবনী শক্তি?**

A. বিলাসী ও মৃত্যুঞ্জয়ের B. বুড়ি ও তার পাতানো মেয়ের
C. মাসি-পিসির D. অনুপম ও তার মায়ের

**Ans C** বিশ্লেষণ "মরণ ঠেকাতে ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি" দুর্ভিক্ষের দরুণ যখন চারদিকে মানুষ না খেয়ে মারা যাচ্ছিল তখন নিজেদের বাঁচিয়ে রাখাটাই ছিল সবচেয়ে বড় চ্যালেঞ্জ। নিজেদের বাঁচিয়ে রাখার এই প্রচেষ্টাতেই মাসি-পিসির জীবন পার হয়ে গেছে বলে লেখক উক্ত লাইনে উদ্ধৃত করেছেন। যেখানে বেঁচে থাকাটাই তাদের জীবনীশক্তির সংগ্রামের মূখ্য বিষয় হয়ে দাড়িয়েছে।

**02. কত বছর বয়সে কাজী নজরুল ইসলাম লেটোর দলে যোগ দেন?**

A. ৮ B. ১০ C. ১২ D. ১৪

**Ans C** বিশ্লেষণ ১৩১৬ বঙ্গাব্দে গ্রামের মক্তব থেকে নিম্ন প্রাইমারি পাস করে সেখানেই এক বছর শিক্ষকতা করেন কাজী নজরুল ইসলাম। বারো বছর বয়সে তিনি লেটোর দলে যোগ দেন এবং দলের জন্য পালাগান রচনা করেন। বস্তুত তখন থেকেই তিনি সৃষ্টিশীল সত্তার অধিকারী হয়ে ওঠেন। ক্রমান্বয়ে তিনি বিংশ শতাব্দীর প্রধান বাঙালি কবি ও সঙ্গীতকার হিসেবে নিজের জায়গা দখল করে নেন। তার মাত্র ২৩ বছরের সাহিত্যিক জীবনে সৃষ্টির যে প্রাচুর্য তা তুলনারহিত। সাহিত্যের নানা শাখায় বিচরণ করলেও তার প্রধান পরিচয় তিনি কাজী নজরুল ইসলাম।

**03. কোনটি সেমিকোলন চিহ্ন**

A. ; B. : C. - D. " "

**Ans A** বিশ্লেষণ (;) দুটি বাক্যের মধ্যে ভাব বা অর্থের সম্বন্ধ থাকলে সেমিকোলন বসে। সাধারণত কম অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলেই সেমিকোলন ব্যবহৃত হয়। সেমিকোলন বসানো স্থানে বিরতি কাল ১ বলার দ্বিগুণ সময়। যেমন– সংসারের মায়াজালে আবদ্ধ আমরা; এ মায়ার বাঁধন কি সত্যিই টুটে?

**04. "সোহবতে সোয়ালে তুরা সোয়ালে কুনাদ"-এই ফারসি বয়েতটির বঙ্গানুবাদ-**

A. সুসঙ্গ মানুষকে ভালো করে B. যেমন কর্ম তেমন ফল
C. শুধু চিন্তায় সাফল্য আসে না
D. এক-কে ছাড়া অন্যের অস্তিত্ব নেই

**Ans A** বিশ্লেষণ "সোহবতে সোয়ালে তুরা সোয়ালে কুনাদ" – 'লালসালু' উপন্যাসে উল্লিখিত পীরসাহেব যখন মহব্বতনগর এলাকায় আগমন করেন, তখন লোকদের হেদায়েতের জন্য আলোচ্য ফার্সি বয়েতটির উদ্ধৃত করেন, যার অর্থ – 'সুসঙ্গ মানুষকে ভালো করে।'



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**05. 'সোনার তরী' কবিতায় উল্লিখিত সময়-**

A. দুপুর B. বিকাল C. সকাল D. রাত

**Ans C** বিশ্লেষণ এ কবিতায় কৃষক শিল্পস্রষ্টা কবির প্রতীক। এখানে কৃষকের উৎপাদিত মূলত কবির সৃষ্টিকর্ম, কবি জানেন, মহাকাল তার সৃষ্টিকর্মকে গ্রহণ করলেও সেখানে তাঁর ঠাঁই নেই। যেমনটি দেখা যায় এ কবিতার কৃষকের ক্ষেত্রে। সেখানে উল্লিখিত সময়টি হলো সকালবেলা।

**06. কোন শব্দটির ব্যবহারিক অর্থ ব্যুৎপত্তিগত অর্থ থেকে ভিন্ন?**

A. সন্দেশ B. কর্তব্য C. মানব D. দৌহিত্র

**Ans A** বিশ্লেষণ বুৎপত্তি কথার অর্থ হলো – শব্দের জন্ম বা উৎপত্তি (বুৎপত্তি = বি + উৎপত্তি)। একটি শব্দ জন্মের উৎপত্তি অধ্যয়নের জন্য ব্যুৎপত্তিবিদরা বেশ কয়েকটি পদ্ধতি প্রয়োগ করেন, যার মধ্যে কয়েকটি হলো: শব্দের আকার এবং অর্থের পরিবর্তনগুলি পুরানো পাঠ্যগুলির সাহায্যে সনাক্ত করা যেতে পারে, যদি এটি পাওয়া যায়।

**07. সিরাজউদ্দৌলার প্রধান প্রতিবন্ধকতা কী ছিল?**

A. প্রাসাদ ষড়যন্ত্র B. পরিবার প্রীতি

C. ইংরেজদের ষড়যন্ত্র D. ফরাসিদের ষড়যন্ত্র

**Ans A** বিশ্লেষণ 'নবাব সিরাজউদ্দৌলা' নাটকে নবাবের প্রধান প্রতিবন্ধকতা ছিল 'প্রাসাদ ষড়যন্ত্র'। প্রাসাদের ভেতরের নানা দ্বন্দ্ব, অন্তর্দ্বন্দ্ব দিন দিন নবাবের প্রতিকূলে যেতে শুরু করে। এক পর্যায়ে তা প্রাসাদের বাহিরেও চলে যায়। তৎকালীন বাংলার আকাশে-বাতাসে ষড়যন্ত্রের প্রবাহ ছড়িয়ে পড়ে। এক পর্যায়ে নবাব সব ষড়যন্ত্রের কাছে অসহায় আত্মসমর্পণ করতে বাধ্য হন।

**08. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**

A. রৌদ্র করোটিতে B. বিধ্বসত নীলিমা

C. নিজ বাসভূমে D. বন্দী শিবির থেকে

**Ans C** বিশ্লেষণ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কবি শামসুর রহমানের 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে। 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি একটি দেশপ্রেম গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা। ১৯৬৯ এ পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে তৎকালীন পূর্ববঙ্গে যে গণআন্দোলনের সূচনা হয়েছিল, ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতাটি সেই গণজাগরণের পটভূমিতে রচিত।

**09. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন বিশ্ববিদ্যালয় থেকে 'জগত্তারিণী' স্বর্ণপদক লাভ করেন?**

A. কলকাতা বিশ্ববিদ্যালয় B. বিশ্বভারতী

C. যাবপুর বিশ্ববিদ্যালয় D. ঢাকা বিশ্ববিদ্যালয়

**Ans A** বিশ্লেষণ বাংলা ভাষা ও সাহিত্যে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতি দুই বছর পর পর 'জগত্তারিণী' স্বর্ণপদক প্রদান করে থাকে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২৩ খ্রিষ্টাব্দে 'জগত্তারিণী' স্বর্ণপদক পান। এছাড়াও, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'ডিলিট' উপাধি পান ১৯৩৬ খ্রিষ্টাব্দে।

**10. দৈনিক মর্নিং নিউজ পত্রিকার সাংবাদিক ছিলেন-**

A. আবু জাফর ওবায়দুল্লাহ B. শামসুর রাহমান

C. সিকান্দার আবু জাফর D. সৈয়দ শামসুল হক

**Ans B** বিশ্লেষণ কবি শামসুর রাহমান বাংলাদেশ ও আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি। জীবদ্দশাতেই তিনি বাংলাদেশের প্রধান কবি হিসেবে মর্যাদা লাভ করেছিলেন। তিনি পেশায় সাংবাদিক ছিলেন, ১৯৫৭ সালে 'দৈনিক মর্নিং নিউজ' এ সহ-সম্পাদক হিসেবে কর্মজীবন শুরু করেন।

**11. 'সকলের দ্বারা অনুষ্ঠিত'-র বাক্য সংক্ষেপণ-**

A. সর্বজনীন B. সর্বংসহা C. সার্বজনীন D. সর্বসম্মত

**Ans A** বিশ্লেষণ **কতিপয় কয়েকটি বাক্য সংক্ষেপণ–**

- অন্য গতি নেই যার – অগত্যা।
- অক্ষির সমক্ষে বর্তমান – প্রত্যক্ষ।
- অর্ধেক সম্মত – নিমরাজি।
- সংসারের প্রতি বিরাগ – নির্বেদ।

**12. কোন গল্পটি শওকত ওসমানের লেখা?**

A. 'একটি তুলসী গাছের কাহিনী B. 'মানুষ'

C. 'অতিথি' D. 'কালিমাদ্দি দফাদার'

**Ans C** বিশ্লেষণ শওকত ওসমানের কয়েকটি লেখা– জননী, ক্রীতদাসের হাসি, জাহান্নাম হইতে বিদায়, আর্তনাদ, নেকড়ে অরণ্য, রাজলক্ষী ইত্যাদি।

**13. সাঁওতাল পরগনায় জন্মগ্রহণ করেন-**

A. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় B. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

C. মানিক বন্দ্যোপাধ্যায় D. আখতারুজ্জামান ইলিয়াস

**Ans C** বিশ্লেষণ মানিক বন্দ্যোপাধ্যায় একজন ভারতীয় বাঙালি কথাসাহিত্যিক। তার প্রকৃত নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। প্রথম বিশ্বযুদ্ধের পর পৃথিবী জুড়ে মানবিক মূল্যবোধের চরণ সংকটময় মুহূর্তে বাংলা কথা সাহিত্যে যে কয়েকজন লেখকের হাতে সাহিত্য জগতে যে নতুন বিপ্লবের ধারা সূচিত হয় মানিক বন্দ্যোপাধ্যায় ছিলেন তাদের মধ্যে অন্যতম। তিনি সাঁওতাল পরগনায় ১৯ মে ১৯০৮ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।

**14. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ গল্প কোনটি?**

A. ভিখারিনী B. মুসলমানীর গল্প

C. সমাপ্তি D. শান্তি

**Ans B** বিশ্লেষণ এশীয়দের মধ্যে প্রথম সাহিত্যে নোবেলজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি। তার লেখার হাত ছোটগল্প, কাব্য, প্রবন্ধ, মহাকাব্য, নাটক, উপন্যাসসহ সাহিত্যের সব শাখায় বিচরণ করেছে। তার রচিত সর্বশেষ গল্প হলো – মুসলমানীর গল্প।

**15. নিচের কোনটি উপন্যাস?**

A. অন্য ঘরে অন্য স্বর B. খোঁয়ারি

C. খোয়াবনামা D. দোজখের ওম

**Ans C** বিশ্লেষণ 'খোয়াবনামা' বাংলা কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াসের দ্বিতীয় এবং সর্বশেষ উপন্যাস। ১৯৯৬ সালের ফেব্রুয়ারিতে এটি সর্বপ্রথম প্রকাশিত হয়। একই বছর উপন্যাসটি "সা'দত আলি আকন্দ সাহিত্য পুরস্কার" এবং 'আনন্দ পুরস্কার' লাভ করে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**16. 'সওগাদ' শব্দের অর্থ কি?**

A. স্বাগত B. অভ্যর্থনা C. উপঢৌকন D. সাধ

**Ans C বিশ্লেষণ** কতিপয় শব্দের অর্থ –

- সাধ – সখ, স্বেচ্ছা, ইচ্ছা।
- স্বাগত – অনাগত, অভ্যাগত, উপাগত।
- অভ্যর্থনা – সাদর আপ্যায়ন, সংবর্ধনা ইত্যাদি।

**17. 'তাঁর আনুগত্য ধ্রুবতারার মতো অনড়, তার বিশ্বাস পবর্তের মতো অটল এখানে কার কথা বলা হয়েছে?**

A. রহিমা B. জামিলা C. আমিনা D. হাসুনির মা

**Ans A বিশ্লেষণ** 'লালসালু' উপন্যাসে মজিদ চারিদিকে তার প্রভাব বিস্তার করতে ধর্মকে ব্যবহার করে তার শুভাকাঙ্ক্ষীদের সংখ্যা বাড়াতে থাকে। দিন দিন তার অনুগত গ্রামবাসীদের সংঘাত বাড়তে থাকে। সাথে বাড়তে থাকে তার প্রতি মানুষের বিশ্বাস। তার প্রতি তার স্ত্রী রহিমার আনুগত্য ও বিশ্বাস বুঝাতেই লেখক আলোচ্য উপমাটি ব্যবহার করেছেন।

**18. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম কোনটি?**

A. বীরবল B. যাযাবর C. জগৎশেঠ D. ভানুসিংহ

**Ans D বিশ্লেষণ** রবীন্দ্রনাথ ঠাকুর বিভিন্ন লেখায় বিভিন্ন রকম ছদ্মনাম ব্যবহার করেছেন। এগুলো হলো – ভানুসিংহ ঠাকুর, অকপটচন্দ্র ভাস্কার, অন্নাকালী পাকড়াশী, দিকশূন্য ভট্টাচার্য, নবীন কিশোর শর্মন, ষষ্ঠীচরণ দেব শর্মা, বাণীবিনোদ, বিদ্যাবিনোদ, শ্রীমতি মধ্যমা ইত্যাদি।

**19. 'বিধবা' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত?**

A. ইতিবাচক অর্থে B. নেই অর্থে
C. বিশেষ অর্থে D. উৎকৃষ্ট অর্ধে

**Ans B বিশ্লেষণ** 'বি' উপসর্গটি বিভিন্ন অর্থে প্রযুক্ত –

- বিশুদ্ধ – বিশেষ রূপে।
- বিশৃঙ্খল – অভাব অর্থে।
- বিরচণ – গতি অর্থে।
- বিপর্যয় – অপ্রকৃতস্থ।
- বিপথ – ভিন্নতা।

**20. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বরকত বুক পাতে কোথায়?**

A. রমনার বটমূলে B. হৃদয়ের হরিৎ উপত্যকায়
C. রাজপথে D. ঘাতকের থাবার সম্মুখে

**Ans D বিশ্লেষণ** পাকিস্তানি বর্বর স্বৈরশাসকদের বিরুদ্ধে ভাষাশহিদ বরকতের মতো ঘাতকের বুলেটের সামনে বুক পেতে দেয় ১৯৫২ সালের চেতনায় উদ্বুদ্ধ জনতা। বাংলা ভাষার মর্যাদা এবং বাঙালির জাতীয়তা রক্ষায় বরকত ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে।

**21. কোন বাগ্ধারাটির অর্থ পক্ষপাতিত্ব?**

A. গোঁফখেজুরে B. হাতভারী
C. ঢাকের কাঠি D. একচোখা

**Ans D বিশ্লেষণ** কতিপয় বাগধারার অর্থ –

- অক্কা পাওয়া – মারা যাওয়া।
- ঢাক ঢাক গুড় গুড় – লুকোচুরি।
- ঢাকের কাঠি – তোষামোদ।
- তীর্থের কাক – প্রতীক্ষারত।

**22. 'কিন্তু তাহার হৃদয় জয় করিয়া দখল করার আনন্দটাও তুচ্ছ নয়' কার প্রসেঙ্গ কথা বলা হয়েছে?**

A. কল্যাণী B. বিলাসী C. মৃত্যুঞ্জয় D. গোপাল

**Ans B বিশ্লেষণ** 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয়কে সেবা শুশ্রূষার মাধ্যমে রোগ সারিয়ে তুলতে বিলাসী যে শ্রম, মায়া, সেবা দিয়ে তাকে সুস্থ করে তুলে তার অবতারণা করতেই কবি আলোচ্য লাইনটি উদ্ধৃত করেছেন।

**23. 'আমি কিংবদন্তীর কথা বলছি' কবিতাটির রচয়িতা কে?**

A. শামসুর রাহমান B. আল মাহমুদ
C. আবু জাফর ওবায়দুল্লাহ D. সৈয়দ শামসুল হক

**Ans C বিশ্লেষণ** আবু জাফর ওবায়দুল্লাহর আরো কতিপয় রচনা – সাত নরীর হার (১৯৫৫), কখনো রং কখনো সুর (১৯৭০), কমলের চোখ (১৯৭৪), প্রেমের কবিতা (১৯৮২), আমার সময় (১৯৮৭), বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা (১৯৮৩) ইত্যাদি।

**24. নূরুলদীনের ডাকে মানুষ জেগে উঠেছিল-**

A. ১৭৮২ খ্রিষ্টাব্দে B. ১৭৮০ খ্রিষ্টাব্দে
C. ১৮৬২ খ্রিষ্টাব্দে D. ১৭৮৩ খ্রিষ্টাব্দে

**Ans A বিশ্লেষণ** 'নূরুলদীন' বাঙালি ইতিহাসের এক সাহসী পুরুষের নাম, যার ডাকে সাড়া দিয়ে এই জনপদের মানুষ জেগে উঠেছিল ১৭৮২ খ্রিষ্টাব্দে। নির্যাতিত, নিষ্পেষিত জনতা গড়ে তুলেছিল অত্যাচারী নীলকরদের বিরুদ্ধে শক্ত প্রতিরোধ, যা একমাত্র সাহসী পুরুষদের দ্বারাই সম্ভব।

**25. উপসর্গের কাজ নয় কোনটি?**

A. শব্দের অর্থ সম্প্রসারিত B. নতুন অর্থবোধক শব্দ সৃষ্টি করা
C. শব্দের অর্থ পরিবর্তন করা D. শব্দের অর্থ পরিমার্জন করা

**Ans D বিশ্লেষণ** উপসর্গের কাজগুলো নিম্নরূপ–

- নতুন অর্থবোধক শব্দ তৈরি করা।
- শব্দের অর্থের পূর্ণতা দেয়া।
- শব্দের অর্থের সম্প্রসারণ ঘটানো।
- শব্দের অর্থের সংকোচন।
- শব্দের অর্থের পরিবর্তন ইত্যাদি।

**26. রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু কোন মাসে হয়েছিল?**

A. বৈশাখ B. বৈশাখ C. আষাঢ় D. শ্রাবণ

**Ans D বিশ্লেষণ** বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি রবীন্দ্রনাথ ঠাকুর। যার হাত ধরে বাংলা সাহিত্য পেয়েছিল এক নবরূপ। যার লেখার পরিসীমা বিস্তৃত হয়েছিল ছোট গল্প থেকে কাব্য, প্রবন্ধ থেকে মহাকাব্য, নাটক থেকে উপন্যাস ইত্যাদি সাহিত্যের বিভিন্ন শাখায়। যার লেখার দর্শন এখনো বাঙালি পাঠক সমাজকে বরাবরই নিয়ে যায় এক ভিন্ন জগতে তিনিই বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। এই মহান কবির জীবনাবসান ঘটে ৭ আগষ্ট, ১৯৪১ খ্রিষ্টাব্দে।

**27. 'রেইনকোট' গল্পের নূরুল হুদা কোন বিষয়ের অধ্যাপক ছিলেন?**

A. বাংলা B. ইংরেজি C. রসায়ন D. উর্দু

**Ans C বিশ্লেষণ** 'রেইনকোট' গল্পের নূরুল হুদা লেখক আখতারুজ্জামান ইলিয়াসের এক অনন্য সৃষ্টি। যার মাধ্যমে লেখক মুক্তিযুদ্ধকালীন সময়ের অবস্থা বাস্তবরূপে তুলে ধরেছেন। যেখানে নূরুল হুদা চরিত্রটি তৎকালীন ঢাকার অবস্থা বিভিন্নভাবে তুলে ধরে আমাদের সেই সময়ের একটি প্রতিচ্ছবি হিসেবে কাজ করে। নূরুল হুদা ছিলেন রসায়নের অধ্যাপক।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**28. নিচের কোনটি কৃৎপ্রত্যয়?**
A. বাড়িওয়ালা B. রিকশাওয়ালা
C. ঘরোয়া D. পড়ুয়া

**Ans D** বিশ্লেষণ **কয়েকটি কৃৎ প্রত্যয় হলো –**
- কর্তব্য = √কৃ + তব্য। • চলন = √চল্ + অনট।
- দর্শনীয় = √দৃশ্ + অনীয়। • যাওয়া = √যা + আ
- নয়ন = √ নী + অনট • লেখক = √লিখ্ + ণক (অক)

**29. কোন বাক্যটি অশুদ্ধ?**
A. তার সৌজন্যে মুগ্ধ হয়েছি। B. কাব্যটির উৎকর্ষিতা প্রশংসনীয়।
C. আবশ্যক ব্যয়ে কার্পণ্য উচিত নয়।
D. তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন।

**Ans B** বিশ্লেষণ **প্রদত্ত অশুদ্ধ বাক্যটির শুদ্ধরূপ হলো:** কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।

**কয়েকটি শুদ্ধ বাক্য –**
- একটি গোপনীয় কথা বলি। • তাহার জীবন সংশয়পূর্ণ।
- তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
- বিদ্বান ব্যক্তিগণ দারিদ্রের শিকার হন।

**30. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন জেলে বসে আত্মজীবনী লেখা শুরু করেন?**
A. কাশিমপুর কারাগার B. ঢাকা সেন্ট্রাল জেল
C. করাচি জেল D. পাঞ্জাব জেল

**Ans B** বিশ্লেষণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৭ সালের মাঝামাঝি ঢাকা সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায় এই আত্মজীবনী লেখা শুরু করেন। যৌবনের অধিকাংশ সময় কারা প্রকোষ্ঠের নির্জনে কাটলেও জনগণ-অন্তপ্রাণ এ মানুষটি ছিলেন জনগণের প্রশ্নে সর্বদা আপোষহীন, নির্ভীক। তার জীবনের নানা উত্থান-পতন ও সংগ্রামের হৃদয়স্পর্শী বিবরণ পরিস্ফুট হয়েছে তার এ আত্মজীবনীতে।

## মানবিক | গুচ্ছ ভর্তি পরীক্ষা | ইউনিট-B সেট-০৪
ভর্তি পরীক্ষা- ২০২২-২৩

**01. বিষয়গত দিক থেকে 'সিরাজউদ্দৌলা' কোন ধরনের নাটক?**
A. সামগ্রিক B. পৌরণিক C. ট্রাজেডি D. ঐতিহাসিক

**Ans C** বিশ্লেষণ 'সিরাজউদ্দৌলা' একটি ঐতিহাসিক ট্রাজেডি ধর্মী নাটক। যার মাধ্যমে লেখক সিকান্দার আবু জাফর পলাশীর ঐতিহাসিক যুদ্ধকে নাটকের মাধ্যমে আবার দর্শক ও পাঠকের কাছে নতুনভাবে তুলে ধরেছেন। তিনি ঐতিহাসিক চরিত্রগুলোকে নবরূপ দান করেন। যার ফলে ঐতিহাসিক এই ঘটনাটি আবার নতুনরূপে প্রকাশ পায়। লেখক মীরজাফর, ক্লাইভ, মীর মর্দান, ঘসেটি বেগম চরিত্রগুলোর মাধ্যমে নাটকটি ও পরোক্ষভাবে পলাশীর যুদ্ধকে বাস্তবরূপে ফুটিয়ে তুলেছেন, যা সিরাজউদ্দৌলা নাটককে এক অনন্য উচ্চতায় নিয়ে গেছে।

**02. সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার 'কিশোরসভা' অংশের সম্পাদক ছিলেন?**
A. দৈনিক স্বাধীনতা B. যুগবাণী
C. ভারতী D. বঙ্গদর্শন

**Ans A** বিশ্লেষণ 'কিশোর কবি' হিসেবে খ্যাত সুকান্ত ভট্টাচার্য বাংলা সাহিত্যের এক ক্ষণজন্মা কবি। যাকে বিদ্রোহী কবি বললেও ভুল হবে না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে সৃষ্ট বিভিন্ন সমস্যা ও নানা অনিয়ম, দাঙ্গার বিরুদ্ধে তার কলম ছিল সর্বদাই সচল। তিনি 'দৈনিক স্বাধীনতা' পত্রিকার 'কিশোরসভা' অংশের সম্পাদক হিসেবে সম্পাদিত লিখায় নির্যাতিত, নিষ্পেষিত মানুষের পক্ষে লিখার কারণে বাঙালী পাঠক সমাজ তাকে সারাজীবন মনে রাখবে।

**03. আলিনগরের সন্ধি কত সালে করা হয়?**
A. ১৭৫৯ B. ১৭৫৭ C. ১৭৬০ D. ১৭৫৫

**Ans B** বিশ্লেষণ বাংলার স্বাধীন শেষ নবাব, নবাব সিরাজউদ্দৌলার সঙ্গে ইংরেজ ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর মধ্যে স্বাক্ষরিত হয় আলীনগরের সন্ধি। যা কলকাতায় স্বাক্ষরিত হয় ১৭৫৭ সালের ৯ ফেব্রুয়ারি। যে চুক্তি অনুসারে কলকাতার নতুন নামকরণ করা হয় আলীনগর।

**04. 'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো/ঝরে অবিরত অধিনাশী বর্ণমালা।'- এখানে নক্ষত্রের সাথে বর্ণমালার তুলনা হলো-**
A. শব্দালংকার B. অর্থালংকার C. ছন্দ D. অন্তমিল

**Ans B** বিশ্লেষণ স্বাধীনতা শব্দটি প্রতিটি পরাধীন জাতির কাছে এক বহুল আকাঙ্ক্ষিত শব্দ। পাকিস্তানী স্বৈরাচারী শাসকগোষ্ঠীর অত্যাচারের বিরুদ্ধে লিখতে গিয়ে কবি বাংলা বর্ণমালাকে নক্ষত্রের সাথে তুলনা করেছেন। যা বাংলা বর্ণমালার শ্রেষ্ঠত্বের পরিচায়ক হিসেবে কাজ করেছে।

**05. 'ইজারা' ইংরেজি কোন শব্দের বাংলা পরিভাষা?**
A. lease B. agreement C. pact D. contract

**Ans A** বিশ্লেষণ • Agreement = চুক্তি।
- Pact = চুক্তি।
- Contract = বন্দোবস্ত।
- Treaty = সন্ধি।
- Consent = মতামত, সম্মতি।

**06. ১৯৪৬ সালের নির্বাচনে শেখ মুজিবুর রহমান ফরিদপুরে কোন দায়িত্বে ছিলেন?**
A. কমিশনার B. ওয়ার্কার ইনচার্জ
C. পোলিং এজেন্ট D. প্রিজাডিং অফিসার

**Ans B** বিশ্লেষণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতির জন্য একটি স্বাধীন ভূ-খণ্ড তৈরির প্রক্রিয়া পরোক্ষভাবে শুরু করেছিলেন দেশভাগের সময় থেকেই। যা ১৯৪৬ সালের নির্বাচনে ফরিদপুরে ওয়ার্কার ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনের মাধ্যমে প্রতীয়মান হয়।

**07. 'নিপাতনে সিদ্ধ' নিয়মটি কোন জাতীয় শব্দের বানানের জন্য প্রযোজ্য?**
A. অর্ধতৎসম B. তদ্ভব C. তৎসম D. বিদেশি

**Ans A** বিশ্লেষণ অর্ধ-তৎসম শব্দকে আমরা অন্যভাবে অর্ধ-সংস্কৃত শব্দও বলতে পারি। বাংলা ব্যাকরণের 'নিপাতনে সিদ্ধ' নিয়মটি অর্ধ-তৎসম শব্দের ক্ষেত্রে প্রযোজ্য।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**08. মজিদের আধ্যাত্মিক শক্তির ব্যাপারে অবিশ্বাস পোষণকারী চরিত্রের নাম-**

A. তাহের B. তাহের-কাদেরের পিতা
C. রহিমা D. খালেক ব্যাপারী

**Ans B** বিশ্লেষণ 'লালসালু' উপন্যাসে মহব্বতনগরে মজিদ তার আধ্যাত্মিক শক্তির কথা বলে সবাইকে বিশ্বাস করাতে সমর্থ হয়। কিন্তু তাহের-কাদেরের পিতা তা অবিশ্বাস করে। অর্থাৎ তাহের-কাদেরের পিতা হলো অবিশ্বাসপোষণকারী চরিত্র।

**09. 'সহসা' কোন শব্দের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়?**

A. হঠাৎ B. শীঘ্র
C. তাড়াতাড়ি D. সত্বর

**Ans A** বিশ্লেষণ কতিপয় আরো কয়েকটি বিকল্প শব্দ। সংযম = ব্রত, পিল = ঐরাবত, অদিতি = বহুব্রীহি, সমুদ্র = রত্নাকর।

**10. 'হে আমার মুখে থুতু দিল।'- কে কার মুখে থুতু দিয়েছে?**

A. রহিমা মজিদের মুখে B. মজিদ জমিলার মুখে
C. জমিলা রহিমার মুখে D. জমিলা মজিদের মুখে

**Ans D** বিশ্লেষণ 'লালসালু' উপন্যাসে জমিলার উপর মজিদের আচরণের একপর্যায়ে জমিলা মজিদের মুখে থুথু দেয়, যার ফলে মজিদ আলোচ্য উক্তিটি করে।

**11. 'খরপ্রাজির' শব্দের 'খর' কোন ভাষার উপসর্গ?**

A. ফরাসি B. সংস্কৃত
C. আরবি D. বাংলা

**Ans C** বিশ্লেষণ কতিপয় আরো কয়েকটি আরবি উপসর্গ- খাস, গর, লা, আম, খয়ের, বাজে ইত্যাদি।

**12. প্রমিত বাংলা বানানরীতি অনুযায়ী শুদ্ধরূপ কোনটি?**

A. সত্ত্বাধিকারী B. সত্বাধিকারী
C. সত্তাধিকারী D. স্বত্বাধিকারী

**Ans D** বিশ্লেষণ প্রমিত বাংলা বানানরীতি অনুযায়ী কতিপয় শুদ্ধ শব্দ- অপরাহ্ণ, উদীচী, মুহুর্মুহু, মূর্ধণ্য, আত্মসাৎ, সরীসৃপ, মাননীয়াসু, প্রজ্বলিত, গীতাঞ্জলি ইত্যাদি।

**13. 'নিশেঙ্ক' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি/**

A. নিশ্‌শঙ্‌কো B. নিশ্‌শংকো
C. নিস্‌শঙ্‌কো D. নিশ্‌শঙক

**Ans B** বিশ্লেষণ কতিপয় কয়েকটি প্রমিত উচ্চারণ- আহ্লাদ- আল্‌হাদ্‌, সুন্দর- শুন্দর, স্মৃতিসৌধ- সৃঁতিশোউধো, অপ্রতুল- অপ্‌প্রোতুল্‌।

**14. ম-ফলা যুক্ত কোন ব্যঞ্জনবর্ণগুলোর দ্বিত্ব উচ্চারণ হয় না?**

A. গ, ঙ, ট B. ত, প,স
C. জ, ঞ, দ D. ক, খ, হ

**Ans D** বিশ্লেষণ **কয়েকটি কতিপয় উচ্চারণ:-**

- ঐকতান- ওইকোতান্‌।
- ধন্যবাদ- ধোন্‌নোবাদ।
- বৈশাখ-বোইশাখ্‌।
- সন্ধা-শোন্‌ধা।

**15. কোনটি শুদ্ধ বাক্য?**

A. আমি স্বাক্ষী দেবো না B. আমি সাক্ষী দেবো না
C. আমি স্বাক্ষ্য দেবো না D. আমি সাক্ষ্য দেবো না

**Ans D** বিশ্লেষণ কতিপয় কয়েকটি শুদ্ধ বাক্য- ছেলেরা কথা বলছে, তাকে আমরা চিনিনা, আপনি পরিবারসহ আমন্ত্রিত।

**16. 'তরুছায়ামসী-মাখা'-এই শব্দবন্ধে 'মসী' কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

A. ছুরি B. কলাম
C. কালো রং D. সবুজাভ

**Ans C** বিশ্লেষণ কালো রং শব্দটাকে ব্যঞ্জনার্থে ব্যবহারের জন্য 'তরুছায়ামসী-মাখা' শব্দটি ব্যবহৃত হয়েছে।

**17. 'রাজভয়-লোকভয় কোনো ভয়ই আমায় বিপথে নিয়ে যাবে না।'- 'রাজভয়' ও 'লোকভয়' শব্দ দুটি কোন ধরনের সমাস?**

A. দ্বন্দ্ব B. কর্মধারয়
C. তৎপুরুষ D. দ্বিগু

**Ans C** বিশ্লেষণ পূর্বপদের বিভক্তি লোপে যে সমাস হয় তাকে তৎপুরুষ সমাস বলে। উদ্দীপকের বাক্যে যা প্রতীয়মান।

**18. 'ক্রাক ডাউনের রাত' বলতে ১৯৭১ সালের কোন রাতকে বলা হয়েছে?**

A. ২৬ মার্চ B. ২৫ মার্চ
C. ১৪ ডিসেম্বর D. ১৬ ডিসেম্বর

**Ans B** বিশ্লেষণ ১৯৭১ সালের ২৫ শে মার্চ পাকিস্তানি বাহিনী বাঙালীদের উপর যে হত্যাকাণ্ড চালিয়েছে সেই রাতই হলো 'ক্রাক ডাউনের রাত'।

**19. 'এতদিন জেল খাটলাম, আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।' এই বাক্যের জটিল রূপ কি হবে?**

A. যদিও এতদিন জেল খাটলাম, তথাপি আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই
B. এতদিন জেল খাটলেও আপনাদের সাথে মনোমালিন্য হয় নাই
C. এতদিন জেল খাটিলাম এবং আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই
D. এতদিন জেল খাটলাম, কিন্তু আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই

**Ans A** বিশ্লেষণ কয়েকটি জটিল বাক্য- আমি যে দেশে বাস করি তার নাম বাংলাদেশ। যে নেতা দেশের মঙ্গল বোঝে না, তিনি নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ। যদি টাকা দাও, তথাপি ছাড়া পাবে।

**20. 'সালতি' কি?**

A. মাছ বিশেষ B. পাত্র বিশেষ
C. ফসল বিশেষ D. নৌকা বিশেষ

**Ans D** বিশ্লেষণ কয়েকটি বিশেষায়িত শব্দার্থ: ইন্দ্রজাল- কুহক, দামিনী-বিদ্যুৎ, কপোল-গাল, পাথার-সমুদ্র, উত্তম-অভিরুচি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. 'নিদাঘ' অর্থ কী?**

A. গ্রীষ্ম B. দাগ নেই
C. শরৎ D. মেঘ

**Ans A** বিশ্লেষণ কয়েকটি কতিপয় শব্দার্থ- আকাশ-আম্বর, পুত্র-আত্মজ, উদক-জল, কুহক-ছলনা, পক্ষ-তরফ।

**22. 'আমারি সোনার ধানে গিয়েছে ভরি।' –এখানে 'সোনার ধান' কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

A. তুচ্ছার্থে B. বুহদার্থে
C. ব্যঞ্জনার্থে D. সাধারণ অর্থে

**Ans C** বিশ্লেষণ কবিগুরু তার সারাজীবনের সৃষ্টি নিয়ে নিজের কথা ব্যক্ত করতে গিয়ে 'সোনার তরী' কবিতাটি লিখেছেন। যেখানে এই ধরণী কবির সৃষ্টিকে মনে রাখলেও কবির জায়গা হয়নি নৌকারূপী এই ধরণীতে।

**23. 'অপরিচিতা' গল্পে 'মাতৃ-আজ্ঞা' মানে-**

A. মাতৃ স্বপ্ন B. মায়ের আদেশ
C. মায়ের নির্দেশনা D. মাতৃভূমি

**Ans D** বিশ্লেষণ 'অপরিচিতা' গল্পে কবি মাতৃ-আজ্ঞা বলতে এই সুজলা-সুফলা, শস্য-শ্যামলা মাতৃভূমিকেই ইঙ্গিত করেছেন।

**24. "He is a dead horse" –কার সম্পর্কে উক্তিটি করা হয়েছে?**

A. রায় দুর্লভ B. মির মর্দান
C. মোহনলাল D. সিরাজউদ্দৌলা

**Ans D** বিশ্লেষণ নবাব সিরাজউদ্দৌলা নাটকে চারদিকে ষড়যন্ত্রের মাঝে নবাবের ক্ষমতা দিন দিন লোপ পেতে শুরু করেছিল। তার তখনকার অবস্থা বাস্তবিকভাবে ফুটিয়ে তোলার জন্য আলোচ্য উক্তিটি করা হয়েছে।

**25. "ভূজ্যি উচ্ছুগ্যু" শব্দদ্বয় কোন গল্পে ব্যবহৃত হয়েছে?**

A. বিলাসী B. মাসি-পিসি
C. অপরিচিতা D. মহুয়া

**Ans A** বিশ্লেষণ মৃত্যের আত্মার সদ্গতি (স্বর্গলাভ) কামনা করে ব্রাহ্মণকে যে ভোজ্য (আহায্য) উৎসর্গ করা হয় তাই হলো "ভূজ্যি উচ্ছুগ্যু"।

**26. মাসি-পিসির পেশা কী ছিল?**

A. অন্যের বাড়িতে শ্রম দেওয়া B. শহরে কাগজ বিক্রি করা
C. শহরে চা-বিস্কুট বিক্রি করা D. শহরে শাকসবজি বিক্রি করা

**Ans D** বিশ্লেষণ মানিক বন্দ্যোপাধ্যায় রচিত মাসি-পিসি গল্পে মাসি-পিসি তাদের জীবিকা নির্বাহের জন্য শহরের বাজারে শাকসবজি বিক্রি করত।

**27. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়া আমাদের–**

A. শক্তি ও প্রেরণা B. স্মৃতিপক্ষে ভরপুর
C. চেতনারই রং D. শহিদের ঝলসিত রক্তের বুদ্বুদ

**Ans C** বিশ্লেষণ কবি শামসুর রহমান 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়াকে আমাদেরই চেতনার রং বলে অভিহিত করেছেন। যা একুশের রক্তাক্ত সময়ের ইতিহাসকে স্মরণ করিয়ে দেয়।

**28. কবি আবু জাফর ওবায়দুল্লাহর ভাষায় যে কবিতা শুনতে জানে না সে আজীবন কী থেকে যাবে?**

A. অজ্ঞ B. ক্রীতদাস
C. ভীরু D. প্রাচীন

**Ans B** বিশ্লেষণ যে কবিতা শুনতে জানে না সে আজীবন ক্রীতদাস থেকে যাবে। কারণ, যার কবিতা শুনার আকাঙ্ক্ষা নেই সে জগতের অনেক কিছু থেকেই বঞ্চিত।

**29. 'বায়ান্নর দিনগুলো'তে লেখকের সঙ্গে সহ-অনশনকারীর নাম কী?**

A. খয়রাত হোসেন B. আবদুর রশীদ
C. মহিউদ্দিন আহমদ D. খান সাহেব ওসমান আলী

**Ans C** বিশ্লেষণ 'বায়ান্নর দিনগুলো' রচনায় লেখকের রাজনৈতিক সহযোগী মহিউদ্দিন আহমদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে সহ-অনশনকারী হিসেবে অনশনে বসেছিলেন।

**30. 'রেইনকোট' গল্পে নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার?**

A. জিওগ্রাফি B. বোটানি C. হিস্ট্রি D. কেমিস্ট্রি

**Ans D** বিশ্লেষণ 'রেইনকোট' গল্পে কলেজের কেমিস্ট্রির লেকচারার নুরুল হুদার জীবন-যাপন ফুটে উঠেছে কঠিন মুক্তিযুদ্ধের সময়ে।

**31. 'প্রতিদান' কবিতার মূল প্রতিপাদ্য কী?**

A. ব্যক্তিস্বার্থ B. পরার্থপরতা C. আত্মগ্লানি D. প্রকৃতি-বন্দনা

**Ans B** বিশ্লেষণ প্রতিদান কবিতার মূল প্রতিপাদ্য হলো- পরের জন্য নিজেকে বিলিয়ে দেয়া, পরকল্যাণের মাঝে নিহিত রয়েছে আপন সুখ।

**32. "আমার পথ" প্রবন্ধের আলোকে নিজের বিশ্বাস আর সত্যকে প্রকাশ করতে না জানলে কী তৈরি হয়?**

A. স্বনির্ভরতা B. পরনির্ভরতা C. স্বপ্ন D. ইচ্ছা

**Ans B** বিশ্লেষণ নিজেকে জানলেই স্বনির্ভরতা আসে। স্বনির্ভর হওয়ার জন্য নিজের ভেতরের শক্তি সম্পর্কে সম্যক বিশ্বাস অর্জন করা জরুরি।

**33. 'লালসালু' উপন্যাসের সংলাপে কোন অঞ্চলের ভাষা ব্যবহৃত হয়েছে?**

A. চট্টগ্রাম B. কুমিল্লা C. নোয়াখালি D. বরিশাল

**Ans C** বিশ্লেষণ 'লালসালু' উপন্যাসের লেখক চট্টগ্রামের হলেও তিনি উপন্যাসটি লিখার জন্য ব্যবহার করেছেন নোয়াখালীর ভাষা। যেখানে মজিদের চরিত্রের বিভিন্ন দিক ফুটে উঠেছে।

**34. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।' –কোন বৈশিষ্ট্যের কারণে কবি এই প্রত্যাশা করেছেন?**

A. ইতিবাচক B. দুঃসাহস C. বয়স D. তারুণ্য

**Ans A** বিশ্লেষণ আঠারো বয়সটি সর্বদা ইতিবাচকতা, দুঃসাহস ও তারুণ্যের প্রতীক। তাই কবি উক্ত বৈশিষ্ট্যগুলোর কারণে এদেশের বুকে আঠারো নেমে আসার প্রত্যাশা ব্যক্ত করেছেন।

**35. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কোন ঋতুকে কেন্দ্র করে রচিত?**

A. শীত B. বসন্ত C. শরৎ D. হেমন্ত

**Ans B** বিশ্লেষণ বসন্তকে কেন্দ্র করে কবি সুফিয়া কামাল তার বেদনার অনুভূতি ব্যক্ত করেছেন যেখানে কবি স্বামী হারানোর শোক বসন্ত বন্দনার মাধ্যমে ফুটিয়ে তুলেছেন।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ঢাকা বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2021-2022　A-ইউনিট

### বাংলা　বহুনির্বাচনী-১৫

01. 'ইতিমধ্যে আরদালি- সমেত ইউনিফর্ম- পরা সাহেব দ্বারের কাছে আসিয়া দাঁড়াইয়াছে।' অপরিচিতা গল্পের এই বাক্যে বিদেশি শব্দের সংখ্যা–
A. দুই　B. তিন
C. চার　D. পাঁচ　**Ans B**

02. 'চলনসই' শব্দের 'সই'–
A. বাংলা কৃৎ প্রত্যয়　B. বাংলা তদ্ধিত প্রত্যয়
C. সংস্কৃত কৃৎ প্রত্যয়
D. বিদেশি তদ্ধিত প্রত্যয়　**Ans D**

03. 'annex' শব্দের বাংলা পরিভাষা–
A. পরিশিষ্ট　B. অধ্যায়
C. সূচিপত্র　D. পাদটীকা　**Ans A**

04. বাংলা একাডেমির বানানরীতিতে 'খ্রিষ্ট' শব্দটি গৃহীত হয়েছে যে-হিসাবে–
A. বিদেশী　B. আত্তীকৃত
C. বাংলা　D. সংস্কৃত　**Ans B**

05. নিত্য মূর্ধণ্য 'ণ' বাচক শব্দ–
A. গৃহিণী　B. উষ্ণ
C. সমর্পণ　D. কঙ্কণ　**Ans D**

05. আদম-শুমারি শব্দের উৎস–
A. আরবি-ফারসি　B. ফারসি-তুর্কি
C. আরবি-হিন্দি　D. আরবি-বাংলা　**Ans A**

07. কোন গুচ্ছটি শুদ্ধ?
A. ত্রিকোন, উনবিংশ　B. অদ্যপি, যদ্যপি
C. উষা, কোনা　D. মুহুর্মুহু, মুহূর্ত　**Ans C**

08. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।' –কার উক্তি?
A. মহাত্মা গান্ধী　B. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
C. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম
D. বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর　**Ans B**

09. সংস্কৃতিকে বলা যায় লাবন্য, কখনো ব্যাক্তির, কখনো নিদ্রিষ্ট জাতীর। -এ বাক্যে ভুল শব্দের সংখ্যা-
A. তিন　B. চার
C. পাঁচ　D. ছয়　**Ans B**

10. 'সালামের মুখ আজ....' শূন্যস্থানে হবে–
A. আলোচিত ঢাকা　B. তরুণ শ্যামল পূর্ব বাংলা
C. অবিনাশী বর্ণমালা　D. রক্তাক্ত জনপদ　**Ans B**

11. No fire can burn without air- এর বাংলায় সঠিক অনুবাদ কোনটি?
A. আগুন জ্বলতে বাতাসের প্রয়োজন হয়
B. বাতাস ছাড়া আগুন নিভে না
C. বাতাস ছাড়া আগুন জ্বলতে পারে না
D. বাতাস ছাড়া আগুন জ্বলে না　**Ans D**

12. কোনটিতে ব-ফলার উচ্চারণ বহাল রয়েছে?
A. বিধ্বস্ত　B. উদ্বেগ
C. স্বত্ব　D. দ্বন্দ্ব　**Ans B**

13. কোনটি শুদ্ধ বানান নয়?
A. রূপায়ণ　B. গৃহায়ণ
C. নবায়ণ　D. নগরায়ণ　**Ans C**

14. 'ভার্যার বিপরীত অর্থের শব্দ কোনটি?
A. দার　B. দয়িত
C. বনিতা　D. জায়া　**Ans B**

15. সারমর্ম লেখার ক্ষেত্রে কোনটি বর্জন করতে হবে?
A. মূল ভাব সন্ধান　B. গুরুত্বপূর্ণ অংশ চিহ্নিতকরণ
C. শুদ্ধ বানান
D. প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ উদ্ধৃতি　**Ans D**

### বাংলা　লিখিত-১০

01. 'শিষ্টাচার' দিয়ে পাঁচটি বাক্য লেখ।

**উত্তর** মানুষের কথাবার্তা ও চালচলনের যে ভদ্রভাব, শালীনতা ও সৌজন্যবোধ প্রকাশ পায় তাই শিষ্টাচার। এটি মানব জীবনের অবিচ্ছেদ্য অংশ। সমাজের অন্যদের কাছে ব্যক্তির স্বাতন্ত্র্য প্রকাশ পায় শিষ্টাচারের মাধ্যমে। মানব চরিত্রে ঔদ্ধত্যের পরিবর্তে শিষ্টাচারের কোন বিকল্প নেই। পরিশেষে বলতে পারি একজন প্রকৃত মানুষ হিসেবে শিষ্টাচার অর্জন করা আমাদের একান্ত কর্তব্য। শিষ্টাচারের মাধ্যমেই মানব জীবনের ইহকালীন ও পরকালীন কল্যাণ নিহিত আছে।

02. প্রদত্ত পারিভাষিক শব্দ দিয়ে বাক্য গঠন কর:
পাদটীকা, প্রজ্ঞাপন, পুরাণ, ক্রোড়পত্র, হালনাগাদ।

**উত্তর** বাক্য গঠন:
- পাদটিকা (Foot-note): পাদটিকা বা Foot-note গবেষণাপত্র বা কোনো বইয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়।
- প্রজ্ঞাপন (Notification): প্রজ্ঞাপন জারির মাধ্যমে বিসিএস ক্যাডারদের চূড়ান্ত নিয়োগ দেওয়া হয়।
- পুরাণ (Mythology): পুরাণ হলো হিন্দু, বৌদ্ধ ও জৈন ধর্মাবলম্বীদের গুরুত্বপূর্ণ আখ্যানমূলক ধর্মগ্রন্থ।
- ক্রোড়পত্র (Annexure): প্রথম আলো তার ২৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করেছে।
- হালনাগাদ (Up-to-date): জাতীয় পরিচয়পত্রের তথ্য হালনাগাদ করতে আমাদের সহায়তা করা উচিত।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**03. ভাব সম্প্রসারণ কর:**

**সত্য যে কঠিন,**
**কঠিনেরে ভালোবাসিলাম,**
**সে কখনো করে না বঞ্চনা।**

**উত্তর** সত্য সবসময় কঠিনই হয়। সত্যকে স্থায়ীভাবে লুকানো বস্তুত অসম্ভব। এটা প্রকৃতির স্বভাবসিদ্ধ যে, সত্য একদিন উন্মোচিত হবেই।

আমাদের বিচার ব্যবস্থা ও আন্তঃমানবিক সম্পর্কের মূল ভিত্তি সত্য। ব্যবসায়িক, পেশাদারী অথবা ব্যক্তিগত সম্পর্ক, যা মিথ্যার উপর স্থাপিত তা কোনোদিনই স্থায়ী হয় না। কিন্তু যেটা সত্য, সমতা ও পারস্পরিক কল্যাণের উপর প্রতিষ্ঠিত তার স্থায়িত্ব অমরত্বের মতো। সব ক্ষেত্রে প্রকাশ্যে বা গোপনে সত্য বলার অভ্যাস গড়ে তোলা উচিত। যখন ক্ষতি-বৃদ্ধির প্রসঙ্গও আসবে না তখনও এভাবে চর্চা করলে সত্যবাদিতার এক অনুপম চারিত্রিক বৈশিষ্ট্য গড়ে উঠবে। সুতরাং, কঠিন হলেও তা গ্রহণযোগ্য।

## ঢাকা বিশ্ববিদ্যালয়
**ভর্তি পরীক্ষা: 2021-2022** **B-ইউনিট**

### বাংলা ⊙ বহুনির্বাচনী-১৫

**01. সিরাজউদ্দৌলা নাটকে ' দি ব্রেভেস্ট সোলজার' আখ্যা দেওয়া হয়েছে–**
A. সাঁফ্রেকে B. বদ্রিআলিকে
C. মিরমর্দানকে D. নরান সিংকে **Ans C**

**02. 'ফল্গু' নদীর বৈশিষ্ট্য হলো–**
A. জোয়ার ভাটাহীন B. খরস্রোতা
C. চোরাবালিময় D. অন্তঃসলিলা **Ans D**

**03. অনশন ধর্মঘটে থাকাকালে বঙ্গবন্ধু কয়টি চিঠি লিখেছিলেন?**
A. ৫টি B. ২টি
C. ৪টি D. ১টি **Ans C**

**04. 'তাত' শব্দের অর্থ–**
A. বাবা B. মামা
C. চাচা D. ভাই **Ans A**

**05. 'সেই অস্ত্র' কবিতায় কোন প্রতিশ্রুতির কথা বলা হয়েছে?**
A. মানবপ্রেমের B. ক্ষুধা নিবারণের
C. সুন্দর পৃথিবীর
D. জীবনের গতিময়তার **Ans A**

**06. নিচের যে শব্দগুচ্ছ প্রমিত বানানের দৃষ্টান্ত–**
A. সমীচিন, উচিত, আকাঙ্ক্ষা
B. নির্নিমেষ, অপরাহ্ণ, মুমূর্ষু
C. সমীক্ষন, বিষন্ন, বাল্মীকী
D. পরিষ্কার, বিভিষীকা,পুনঃপৌনিক **Ans B**

**07. 'বারান্দাওয়ালা টুপির নিচে শব্দের ঘষায় ঘষায় আগুন জ্বলে, উদ্ধৃত চরণটি যে রচনার অন্তর্গত–**
A. আমার পথ B. বায়ান্নর দিনগুলো
C. অপরিচিতা D. রেইনকোট **Ans D**

**08. 'Stakeholder' শব্দের প্রচলিত পারিভাষিক রূপ হলো–**
A. মধ্যস্বত্বভোগী B. কার্যাধ্যাক্ষ
C. অংশীজন D. মাঠকর্মী **Ans C**

**09. লালসালু উপন্যাসের 'প্রাণধর্মের' সহজ প্রকাশের প্রতীক নারীচরিত্র-**
A. রহিমা B. জমিলা
C. আমেনা বিবি D. হাসুনির মা **Ans B**

**10. 'নিশ্চয়ই পারব।'-বাক্যটিতে 'নিশ্চয়ই' পদটি হলো–**
A. প্রত্যয়ান্ত অব্যয় B. অনুসর্গ অব্যয়
C. সমুচ্চয়ী অব্যয় D. অনন্বয়ী অব্যয় **Ans D**

**11. 'আমার এতদিনের ভুল সংশোধন করার এই শেষ সুযোগ আমাকে নিতে হবে।' সিরাজ কোন প্রসঙ্গে এ কথা বলেছিলেন?**
A. যুদ্ধক্ষেত্রে সরাসরি গমন B. স্ত্রীর প্রতি ভালোবাসা প্রকাশ
C. মিরানের সঙ্গে সংলাপ বিনিময়
D. কূটনৈতিক কৌশল নির্ধারণ **Ans A**

**12. 'ড়' একটি--- ধ্বনি।**
A. তরল B. উম
C. কম্পনজাত D. তাড়নজাত **Ans D**

**13. 'তমিস্রা' শব্দের যথাযথ উচ্চারণ–**
A. তমিসূস্রা B. তমিসরা
C. তোমিসরা D. তোমিস্স্রা **Ans D**

**14. 'ঐকতান' কবিতায় কবি যে নিন্দার কথা বলেছেন–**
A. সুরের অপূর্ণতা B. গানের অপূর্ণতা
C. মহাকাব্য রচনার অপূর্ণতা
D. কাব্যসাধনার সীমাবদ্ধতা **Ans D**

**15. 'পাথর এবার হঠাৎ নড়ে'-চরণে উল্লেখিত 'পাথর' হলো–**
A. মজিদ B. মাজার
C. সমাজ D. খালেক **Ans A**

### বাংলা ⊙ লিখিত-২০

**01. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঙ) উত্তর দাও:**
চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য। রূপ জিনিসটি বড়ো কম নয়, কিন্তু মানুষের মধ্যে যাহা অন্তরতম এবং অনির্বচনীয়, আমার মনে হয় কণ্ঠস্বর যেন তারই চেহারা। আমি তাড়াতাড়ি গাড়ির জানালা খুলিয়া বাহিরে মুখ বাড়াইয়া দিলাম।, কিছুই দেখিলাম না। প্লাটফর্মের অন্ধকারে দাঁড়াইয়া গার্ড তার একচক্ষু লণ্ঠন নাড়িয়া দিল, গাড়ি চলিল: আমি জানালার কাছে বসিয়া রহিলাম। আমার চোখের সামনে কোনো মূর্তি ছিল না, কিন্তু হৃদয়ের মধ্যে আমি একটি হৃদয়ের রূপ দেখিতে লাগিলাম। সে যেন এই তারাময়ী রাত্রির মতো, আবৃত করিয়া ধরে কিন্তু তাহাকে ধরিতে পারা যায় না। ওগো সুর, অচেনা কণ্ঠের সুর, এক নিমেষে তুমি যে আমার চিরপরিচয়ের আসনটির উপরে আসিয়া বসিয়াছ।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

কী আশ্চর্য পরিপূর্ণ তুমি- চঞ্চল কালোর ক্ষুব্ধ হৃদয়ের উপরে ফুলটির মতো ফুটিয়াছ, অথচ তার ঢেউ লাগিয়া একটি পাপড়িও টলে নাই, অপরিমেয় কোমলতায় এতটুকু দাগ পড়ে নাই।

**ক. 'অন্তরতম' ও 'অনির্বচনীয়' শব্দ দুটির মাধ্যমে কথক কোন বিষয়টিকে নির্দেশ করেছেন?**

**উত্তর** অন্তর বা মনের কাছাকাছি যা তাই অন্তরতম। একই সাথে তা বর্ণনাতীতও বটে। মনের অব্যক্ত প্রতিচ্ছবি ফুটে ওঠে। মানুষের কণ্ঠস্বরের মধ্যে দিয়ে। অনুপম কল্যাণীর মধুমাখা কণ্ঠস্বর শুনে তার মনেরই আঁচ পেয়েছিলেন। কল্যাণীর কোমল হৃদয়ের সন্ধান পেয়ে অনুপম তার কণ্ঠস্বরকে অন্তরতম ও অনির্বচনীয়-বিশেষণে বিশেষায়িত করেন।

**খ. 'একচক্ষু লণ্ঠন' বলতে কী বোঝানো হয়েছে?**

**উত্তর** 'একচক্ষু লণ্ঠন' বলতে বিশেষ এক ধরনের লণ্ঠনকে বোঝানো হয়, যার একদিক খোলা তিনদিক ঢাকা। এটি রেলপথের সংকেত দেখানোর কাজে ব্যবহৃত হয়।

**গ. 'সে যেন এই তারময়ী রাত্রির মতো'-উক্তিটির তাৎপর্য কী?**

**উত্তর** তারাময়ী রাত্রি আমাদের চোখের খোরাক জোগায়, মনকে দেয় স্নিগ্ধ অনুভূতি। কিন্তু এ রাত্রিকে ছুয়ে দেখা সম্ভব না-এ যেন দূর থেকেই আমাদের শান্ত করতে সক্ষম। অনুপমের কাছে কল্যাণী যেন তারামায়ী রাতের মতো যাকে অনুভব করে মনকে শান্তি দেওয়া যায়, তবে নিজের করে পাওয়া যায় না।

**ঘ. কথক কাকে 'তুমি' সম্বোধন করেছে?**

**উত্তর** কথক তার অপরিচিতার কণ্ঠের সুরের আড়ালে কল্যাণীকেই 'তুমি' বলে সম্বোধন করেছিলেন, ক্ষণিকের ব্যবধানে এই কণ্ঠস্বর যেন কথকের আপনজনে রূপ নিয়েছিলো, তারই বহিঃপ্রকাশ ঘটেছে অনুপমের অপরিচিতাকে তুমি সম্বোধনের মধ্যে দিয়ে।

**ঙ. অনুচ্ছেদটিতে কণ্ঠস্বরকে কীভাবে মহামান্বিত করা হয়েছে?**

**উত্তর** কথকের কাছে কণ্ঠস্বর যেনো মানুষের অন্তরের প্রতিচ্ছবি। মানুষের মনের যে অংশ ধরা ছোঁয়ার বাইরে তবুও তাই যেন আসল-এ রূপের সন্ধান পাওয়া যায় কণ্ঠস্বরের মধ্যে দিয়ে। কণ্ঠস্বর যেন অন্তরতম তারাময়ী রাত্রির মতো।

**02. সারমর্ম লেখ:**

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে।
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।
সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে
তৃণগুল্ম সেথা নাহি জন্মে কোন মতে।
সে জাতি চলে না কভু তারি পথ পরে
তন্ত্র-মন্ত্র-সংহিতায় চরণ না সরে।

**উত্তর** মানবজীবন নির্দিষ্ট কিছু নিয়ম মেনে চলে। ব্যক্তিগত কিংবা জাতিগতভাবে সফল হতে হলে অলস্য কর্মবিমুখতা, অনুকরণপ্রিয়তা, স্থবিরতা, কুসংস্কারকে উপেক্ষা করে ব্যক্তিজীবনকে অর্থপূর্ণ করে তুলতে হবে। নতুবা জাতি মাঝি-ছাড়া নৌকা, নদীহারা স্রোতে রূপান্তরিত হবে।

**03. নিচের গদ্যাংশ থেকে নিম্নরেখ-চিহ্নিত বিশেষ্যপদকে বিশেষণে ও বিশেষণপদকে বিশেষ্য পরিবর্তন কর; এবং বাঁকা হরফে চিহ্নিত অংশগুলোর বিপরীতার্থক রূপ নির্দেশ কর:**

**উত্তর** দেশের যারা শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, <u>ভণ্ডামি</u>, মেকি তা সব দূর করতে <u>প্রয়োজন</u> হবে আগুনের সম্মার্জনা! আমার এমন গুরু কেউ নেই, যার খাতিরে সে আগুন-সত্যকে <u>অস্বীকার</u> করে কারুর মিথ্যা বা ভণ্ডামিকে প্রশ্রয় দেবে। আমি সে দাসত্ব হতে সম্পূর্ণ <u>মুক্ত</u>!

**উত্তর**

| | |
|---|---|
| শত্রু | - মিত্র |
| মেকি | - প্রাকৃতিক/সত্য |
| গুরু | - শিষ্য |
| প্রশ্রয় | - দমন |
| দাসত্ব | - প্রভুত্ব |
| সম্পূর্ণ | - অসম্পূর্ণ |

● **<u>বিশেষ্য থেকে বিশেষণ বা বিশেষণ থেকে বিশেষ্য</u>**

| | |
|---|---|
| ভণ্ডামি (বিশেষ্য) | ভণ্ড (বিশেষণ) |
| প্রয়োজন (বিশেষ্য) | প্রয়োজনীয় (বিশেষণ) |
| অস্বীকার (বিশেষ্য) | অস্বীকৃত (বিশেষণ)/অস্বীকার্য (বিশেষণ) |
| মুক্ত (বিশেষণ) | মুক্তি (বিশেষ্য) |

## ঢাকা বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2021-2022 | C-ইউনিট

### বাংলা | বহুনির্বাচনী-১২

**01. আকস্মিক-এর বিপরীত শব্দ কোনটি?**
A. তাৎক্ষণিক B. ইদানিং
C. চিরন্তন D. অনির্দিষ্ট **Ans C**

**02. বাংলা ধ্বনিতত্ত্বে জিহ্বার উচ্চতা অনুসারে প্রথম বাংলা স্বরধ্বনি কোনটি?**
A. অ B. আ
C. ই D. ও **Ans C**

**03. নিচের কোন বানানটি শুদ্ধ?**
A. স্বত্ত্ব B. পিপিলিকা
C. সংশ্রব D. ভূল **Ans A**

**04. 'অপরিচিতা' গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?**
A. ভারতী B. সবুজপত্র
C. কল্লোল D. মাহে নও **Ans B**

**05. 'ঝাণ্ডা' শব্দটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ হলো–**
A. ঝাড়ু B. যুদ্ধ
C. পতাকা D. আগুন **Ans C**

**06. 'ফল্গু' কী?**
A. ফাল্গুন B. অন্তঃসলিলা একটি নদী
C. নদীর প্রবল স্রোত D. যমজ নক্ষত্র বিশেষ **Ans B**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস?**
A. অগ্নি-বীণা B. শিউলিমালা
C. যুগবাণী D. মৃত্যুক্ষুধা **Ans D**

**08. 'গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী।'-'ঐকতান' কবিতায় রবীন্দ্রনাথের মতে কী সর্বত্রগামী হয়নি?**
A. কবির মর্মের বেদনা B. কবির কবিতা
C. কবির নাটক D. কবির জীবনবোধ **Ans B**

**09. নিচের কোন বানানটি শুদ্ধ নয়?**
A. পরিষ্কার B. পুরস্কার
C. নিলীমা D. পক্ব **Ans C**

**10. 'বিষাদ-সিন্ধু' কোন সমাস?**
A. রূপক কর্মধারয় B. মধ্যপদলোপী কর্মধারয়
C. উপমান কর্মধারয় D. উপমিত কর্মধারয় **Ans A**

**11. 'ধনধান্য পুষ্প ভরা, আমাদের এই বসন্ধরা।' -এটি কোন ধরনের খণ্ডবাক্য?**
A. বিশেষ্য স্থানীয় খণ্ডবাক্য B. বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
C. ক্রিয়া-বিশেষণ স্থানীয় খণ্ডবাক্য
D. ক্রিয়া স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য **Ans B**

**12. 'নগদ' কোন ভাষার শব্দ?**
A. ফরাসি B. আরবি
C. গুলন্দাজ D. হিন্দি **Ans B**

## বাংলা | লিখিত-১০

**01. Translate the following sentences into Bangla: ৫**
a) It is ten minutes to ten
b) Look before you leap
c) She used to come here every week.
d) Children pass several stages of their lives before they become adult.
e) Why is clean air very important for healthy living?

**উত্তর**
a) দশটা বাজতে দশ মিনিট বাকি।
b) ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না।
c) সে প্রতি সপ্তাহে এখানে আসতো।
d) শিশুরা প্রাপ্ত বয়স্ক হওয়ার পূর্বে জীবনে অনেকগুলো ধাপ অতিক্রম করে।
e) সুস্থ্য জীবনের জন্য নির্মল বাতাস কেনো প্রয়োজন?

**02. নিচের বাক্যগুলোর বানান ও ব্যকরণগত ত্রুটি সংশোধন করে লেখ। বাক্যে কোনো শব্দ সংযোজন বা বিয়োজন করা যাবে না। ৫**
১. তিনি স্বস্ত্রীক বেরাতে আসিলেন।
২. অভাবগ্রস্থ ছাত্রটি তার দারাবস্থায় কথা বর্ণনা করলো।
৩. বৃক্ষটি স্বমূলে উৎপটিত হয়েছে।
৪. আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা অনুচিৎ।
৫. ছেলেটি ভয়ানক মেধাবি।

**উত্তর**
১. তিনি <u>সস্ত্রীক</u> <u>বেড়াতে</u> আসলেন।
২. <u>অভাবগ্রস্ত</u> ছাত্রটি তার <u>দুরবস্থায়</u> কথা বর্ণনা করলো।
৩. বৃক্ষটি <u>সমূল</u> উৎপাটিত হয়েছে বা বৃক্ষটি <u>মূলসহ</u> উৎপাটিত হয়েছে।
৪. আবশ্যক ব্যয়ে <u>কার্পণ্য</u> <u>অনুচিত</u>।
৫. ছেলেটি <u>অত্যন্ত</u> <u>মেধাবী</u>।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2021-2022
B-ইউনিট I-সেট

**01. 'বায়ান্নর দিনগুলো' গল্পে কত মাস পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর পুরানা জায়গায়, পুরানা বিছানায় শুয়ে কারাগারের নির্জন প্রকোষ্ঠের দিনগুলোর কথা মনে করছিলেন?**
A. ষোল-সতের B. বাইশ-তেইশ
C. সাতাশ-আঠাশ D. প্রায় ছত্রিশ মাস **Ans C**

**02. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের কোয়ার্টার মাঠ পেরিয়ে কোনদিকে?**
A. বাঁ দিকে B. ডান দিকে
C. সামনে
D. একটু সামনে গিয়ে সোজা **Ans A**

**03. 'ঐকতান' কবিতায় কবি মনের ক্ষোভে কোন ধরনের গ্রন্থ পড়েন?**
A. ভ্রমণবৃত্তান্ত B. ধর্মগ্রন্থ
C. ইতিহাস D. পল্লী কাব্য **Ans A**

**04. "তারি পরে ভর দিয়া চলিতেছে —— সংসার" –চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?**
A. জগৎ B. সমাজ
C. সমস্ত D. আমার **Ans C**

**05. চার্বাক কে ছিলেন?**
A. চিকিৎসক B. ইতিহাসবেত্তা
C. বাস্তববাদী দার্শনিক D. ধর্মীয় নেতা **Ans C**

**06. 'কন্দর' শব্দের অর্থ কী?**
A. পর্বতের গুহা B. মন্দির
C. নিভৃত D. হৃদয় **Ans A**

**07. 'তাহারেই পড়ে মনে' কত সালে প্রথম প্রকাশিত হয়?**
A. 1935 B. 1938
C. 1942 D. 1947 **Ans A**

**08. কোন কাব্যগ্রন্থটি কবি আহসান হাবীব রচিত নয়?**
A. বৈরী বৃষ্টিতে B. মুহূর্তের কবিতা
C. বিদীর্ণ দর্পণে মুখ D. পূর্বাভাস **Ans ×**

**09. 'সিরাজউদ্দৌলা' নাকটটির কয়টি দৃশ্যে সিরাজ স্বয়ং উপস্থিত ছিলেন?**
A. নয়টি B. ছয়টি
C. আটটি D. এগারোটি **Ans C**

**10. কবি আহসান হাবীব 1964 সালে কোন পত্রিকার সাহিত্য সম্পাদক হিসেবে নিযুক্ত হন?**
A. দৈনিক বাংলা B. দৈনিক নবযুগ
C. দৈনিক কর্ণফুলি D. দৈনিক মিল্লাত **Ans A**

**11. মজিদ কোথা থেকে মহব্বতনগর গ্রামে আসে?**
A. মতিগঞ্জ B. আওয়ালপুর
C. গারো পাহাড় D. নাসিরনগর **Ans C**

**12. উপন্যাস বিশ্লেষকগণ একটি সার্থক উপন্যাসের কয়টি উপাদানের কথা বলেছেন?**
A. 6টি B. 5টি C. 7টি D. 8টি **Ans A**

**13. 'অলংকার' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?**
A. ওলঙকার B. অলঙ্কার
C. ওলোঙকার D. অলোঙকার **Ans C**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

14. শুদ্ধ বানান কোনটি?
A. আশিস　B. উচিৎ
C. কৌতুহল　D. ত্রিভূজ　**Ans A**

15. "আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে"- এখানে অভিমুখে একটি–
A. বিশেষণ　B. অনুসর্গ
C. সর্বনাম　D. ক্রিয়া বিশেষণ　**Ans D**

16. "জোর যার মুল্লুক তার" এখানে যার হচ্ছে–
A. যোজক　B. বিশেষ্য
C. সর্বনাম　D. অনুসর্গ　**Ans C**

17. কোনটি ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত শব্দ?
A. মালিকা　B. সেবিকা
C. নায়িকা　D. শ্যালিকা　**Ans A**

18. 'জয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয়-
A. জি + অল　B. জ + অচ
C. জ + অউ　D. জি + উ　**Ans A**

19. 'কর্ণকুহর' কোন সমাস?
A. তৎপুরুষ　B. কর্মধারয়
C. দ্বন্দ্ব　D. শ্যালিকা　**Ans A**

20. তালব্য বর্ণ নয় কোনটি?
A. ঙ　B. ঞ
C. জ　D. চ　**Ans A**

21. 'ষ্ণ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে-
A. ষ + ণ　B. ষ + ঞ
C. ষ্ + ঞ　D. ষ্ + জ　**Ans A**

22. 'বরফ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
A. আরবি　B. ফারসি
C. তুর্কি　D. পর্তুগিজ　**Ans B**

23. "যদি বল, আসবো।" –এটা কোন ধরনের বাক্য?
A. ইচ্ছাসূচক　B. প্রার্থনামূলক
C. কার্যকারণাত্মক　D. অনুজ্ঞা　**Ans C**

24. কলকাতায় ফোর্ট উইলিয়াম দুর্গ কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. 1706　B. 1721
C. 1684　D. 1689　**Ans A**

25. 'মেঘের ধ্বনি' – এক কথায় কী বলে?
A. অঙ্গনা　B. স্মার্ত
C. জীমূতেন্দ্র　D. বৃক্কন　**Ans C**

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
**ভর্তি পরীক্ষা: 2021-2022**
**C-ইউনিট H-সেট**

01. রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক নয় কোনটি?
A. রাজা　B. অচলায়তন
C. কৃষ্ণকুমারী　D. রক্তকরবী　**Ans C**

02. 'অতএব বুঝিলাম, আমার ভাগ্যে প্রজাপতির সঙ্গে পঞ্চশরের কোনো বিরোধ নাই।' উক্তিটি কে করেছে?
A. অনুপম　B. শম্ভুনাথ
C. শরৎচন্দ্র　D. মৃত্যুঞ্জয়　**Ans A**

03. ফরিদপুর জেলখানায় বসে শেখ মুজিবুর রহমান কাকে কয়টি চিঠি লিখেছিলেন?
A. বাবার কাছে ১টি, রেণুর কাছে ১টি, শহীদ সাহেবকে ১টি এবং মওলানা ভাসানীকে ১টি
B. চাচার কাছে ১টি, রেণুর কাছে ২টি, শেখ হাসিনাকে ১টি এবং শেখ রাসেলের কাছে ১টি
C. দাদার কাছে ১টি, রেণুর কাছে ২টি, শেখ হাসিনাকে ২টি এবং মওলানা ভাসানীকে ১টি
D. শেখ হাসিনাকে ১টি, চাচার কাছে ১টি, রেণুর কাছে ২টি এবং দাদার কাছে ১টি　**Ans A**

04. 'রেইনকোট' গল্পে মিলিটারি ক্যাম্প কোথায় স্থাপন করা হয়?
A. কলেজের জিমন্যাশিয়ামে　B. কলেজের লাইব্রেরিতে
C. কলেজের অডিটোরিয়ামে
D. কলেজের অফিস কক্ষে　**Ans A**

05. 'জীবন যোগ করা, না হলে কৃত্রিম পণ্যে ব্যর্থ হয় ......... পসরা।" শূন্যস্থানের যথার্থ শব্দ কোনটি?
A. প্রাণের　B. আনন্দের
C. গানের　D. বাণীর　**Ans C**

06. 'সেই অস্ত্র' কবিতায় 'অমোঘ অস্ত্র' বলতে কি বোঝানো হয়েছে?
A. মোহাবিষ্ট অস্ত্র　B. অনন্য অস্ত্র
C. ভালোবাসার অস্ত্র　D. অব্যর্থ অস্ত্র　**Ans D**

07. 'সিরাজউদ্দৌলা' নাটকটি গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয় কত সালে?
A. ১৯০৪　B. ১৯০৫
C. ১৯০৬　D. ১৯০৭　**Ans ×**

08. কোন বর্ণটির নিজস্ব কোনো ধ্বনি নেই?
A. ক্ষ　B. ঞ　C. ৎ　D. গ　**Ans B**

09. নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?
A. শ্রেণি, কর্ম, দুস্থ　B. প্রতিযোগী, নিশ্বাস, রানি
C. পুজো, খেয়ালি, আতঙ্ক
D. শৃংখলা, নিঃশ্বাস, ভয়ঙ্কর　**Ans D**

10. নিচের কোন শব্দে 'অপূর্ণ' অর্থে 'না' উপসর্গ ব্যবহৃত হয়েছে?
A. নাজুক　B. নাহক
C. নালায়েক　D. নাদাবি　**Ans C**

11. কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?
A. ডাকঘর　B. অধর্ম
C. অপার্থিব　D. করপল্লব　**Ans A**

12. মৌলিক শব্দ নয় কোনটি?
A. কলম　B. ফুল
C. গাছ　D. দরদি　**Ans D**

13. 'বিদ্বান সর্বত্র আদরণীয়।' বাক্যটি –
A. জটিল বাক্য　B. সরল বাক্য
C. যৌগিক বাক্য　D. মিশ্র বাক্য　**Ans B**

14. 'কলমা জানো মিঞা?' প্রশ্নটি কে কাকে করেছে?
A. মজিদ, খালেক ব্যাপারীকে　B. খালেক ব্যাপারী, দুদু মিঞাকে
C. মজিদ, দুদু মিঞাকে
D. দুদু মিঞা, খালেক ব্যাপারীকে　**Ans C**

15. কোনটি সঠিক?
A. স্বাতন্ত্র্যতা　B. স্বতন্ত্র্যতা
C. স্বাতন্ত্র　D. স্বতন্ত্রতা　**Ans D**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## রাজশাহী বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2021-2022
A-ইউনিট 1-গ্রুপ

01. শুদ্ধ বানান-
A. মনিষীণী B. মণীষিনী
C. মনীষিণী D. মনিষিণী **Ans C**

02. ধ্বন্যাত্মক শব্দ কোন গুলো?
A. টাপুর-টুপুর B. হাতাহাতি
C. ধীরে ধীরে D. গলায় গলায় **Ans A**

03. ' রেইনকোট' গল্পের কথক-
A. আখতারুজ্জামান ইলিয়াস B. নুরুল হুদা
C. ইসহাক মিয়া D. ড. আফাজ আহমদ **Ans B**

04. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কত সালে প্রকাশিত হয়?
A. ১৯৩০ B. ১৯৩৪
C. ১৯৩৫ D. ১৯৩৬ **Ans C**

05. 'প্রদোষ' অর্থ-
A. সকাল B. বিকাল C. সন্ধ্যা D.দুপুর **Ans C**

06. 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের কততম কবিতা?
A. ৮ B. ৯ C. ১১ D. ১০ **Ans D**

07. পুরুষবাচক শব্দ কোনটি?
A. রজকী B. মায়াবী C. অজা D.শ্রোত্রী **Ans B**

08. 'চলোর্মি' এর সন্ধিবিচ্ছেদ-
A. চল + উর্মি B. চলা + উর্মি
C. চলা + ঊর্মি D. চল + ঊর্মি **Ans D**

09. ' ঘোর কলি' বাগধারাটি দ্বারা কী বুঝায়?
A. ঘুটঘুটে কালো B. ঘুরপাক খাওয়া
C. অন্ধকার D. নিদারুণ অর্ধমের যুগ **Ans D**

10. যা উচিত হয়নি-
A. অনুদিত B. অনুদিত
C. অনুবাদিত D. আনুদিত **Ans A**

11. কোনটি পূরণবাচক শব্দ-
A. একবিংশ B. পঁচিশ C. হাজার D. ১১ **Ans A**

12. 'পানসে' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয়-
A. পানি + স B. পানি + সে
C. পান + সি D. পানসি + ই **Ans B**

13. 'নাচার' শব্দের 'না' কোন ধরনের উপসর্গ?
A. আরবি B. ফারসি C. সংস্কৃত D.বাংলা **Ans B**

14. ' চৌমুহনী' কোন সমাস?
A. দ্বন্দ্ব B. দ্বিগু
C. কর্মধারয় D. তৎপুরুষ **Ans B**

15. কোন পদটি বিশেষ্য নয়?
A. দারিদ্র্য B. দীন C. দরিদ্রতা D.সভ্যতা **Ans B**

16. কোনটি নাসিক্য বর্ণ?
A. র B. খ C. ধ D. ন **Ans D**

17. 'লালসালু' উপন্যাসের প্রকৃত প্রতিপাদ্য-
A. মাজার ব্যবসা B. সামাজিক অনাচার
C. গ্রামীণ জীবন
D. ব্যক্তির অস্তিত্বের সংকট **Ans B**

18. 'কপট' এর বিপরীত শব্দ-
A. হিতৈষী B. সুহৃদ C. মিত্র D. সাধু **Ans B**

19. 'উজবুক' শব্দের অর্থ-
A. উজবেকিস্তানের লোক B. বুদ্ধিমান
C. আহম্মক D. চতুর **Ans C**

20. 'সারারাত বৃষ্টি হয়েছে।' এখানে 'সারারাত' কোন কারক?
A. কর্তৃ B. অধিকরণ C. অপদান D. করণ **Ans B**

21. 'রাশি' শব্দটি দ্বারা গঠিত সঠিক বহুবচন কোনটি?
A. বৃক্ষরাশি B. তারকারাশি
C. মেঘরাশি D. জলরাশি **Ans D**

22. গুরুচণ্ডালী দোষমুক্ত বাক্য কোনটি?
A. তার বাহিরে যাবার সময় হয়েছে B. সে স্কুলে যাবে
C. তার বিবাহ হয় নাই
D. তাহারা রওনা হলো **Ans B**

23. 'আলো' শব্দের সমার্থক-
A. হুতাশন B. শিখা C. রওশন D. অগ্নি **Ans C**

24. বাংলা বাক্যের শেষে কয়টি বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?
A. ১ B. ৪ C. ৩ D. ২ **Ans C**

25. 'আহ্বান' এর প্রকৃত উচ্চারণ কী?
A. আহ্বান B. আবহান
C. আওভান D. আহ্বান **Ans C**

26. 'Aboriginal' এর পরিভাষা-
A. কৃত্রিম B. অমৌলিক
C. আদিবাসী D. আদিমানব **Ans C**

27. "সবাই উচ্চাভিলাষী। সবাই সুযোগ খুঁজছে"। 'সিরাজউদ্দৌলা' নাটকে এ উক্তিটি কার?
A. রাজবল্লভের B. সিরাজউদ্দৌলার
C. মীরজাফরের D. মিরমর্দানের **Ans A**

28. 'ণ-ত্ব' বিধান প্রযোজ্য হয় কোন শব্দে?
A. তৎসম B. তদ্ভব
C. দেশি D. বিদেশি **Ans A**

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা: 2021-2022
B-ইউনিট 3-সেট

01. 'আমার পথ' প্রবন্ধে কোন রাজনৈতিক ব্যক্তির কথা উল্লেখ আছে?
A. মাও সেতুং B. মোজাফফর আহমেদ
C. মহাত্মা গান্ধী D. হো চি মিন **Ans C**

02. রবীন্দ্রনাথের মতে মনুষ্যত্বের বেদনা উপলব্ধ হয়-
A. ফুলের ফোটায় B. নদীর গতিতে
C. পাখির গানে D. ঋষির ধ্যানে **Ans B**

03. বাসববিজয়ী কে?
A. রাম B. লক্ষ্মণ C. মেঘনাদ D. ইন্দ্র **Ans C**

04. অমিত্রাক্ষর ছন্দ কোন ছন্দের নবরূপায়ন?
A. স্বরমাত্রিক B. পয়ার
C. স্বরবৃত্ত D. মাত্রাবৃত্ত **Ans B**

05. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কবি অরুণকে তুলনা করেছেন-
A. আতার ক্ষীরের সঙ্গে B. কমলালেবুর সঙ্গে
C. নাটার রঙের সঙ্গে D. মেঘের রঙের সঙ্গে **Ans C**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**06. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কহিল সে পরম হেলায়'-এর পরের পঙক্তিটি-**
A. অলখের পাথার বাহিয়া B. দক্ষিণ দুয়ার গেছে
C. নাই হলো না হোক এবারে
D. বৃথা কেন? ফাগুন বেলা **Ans D**

**07. 'আঠারো বছর বয়স' কবিতায় 'আঠারো' শব্দটি ব্যবহৃত হয়েছে-**
A. আট বার B. সাতবার C. পাঁচবার D.নয়বার **Ans D**

**08. সৈয়দ ওয়ালীউল্লাহ'র সর্বশেষ কর্মস্থল ছিল-**
A. প্যারিস B. লন্ডন C. জার্মানি D.ইতালি **Ans A**

**09. 'আমি জানি হি ইজ এ ডেড হর্স'- এখানে 'ডেড হর্স' বলতে বোঝানো হয়েছে-**
A. রাজবল্লভকে B. জগৎশেঠকে
C. সিরাজউদ্দৌলাকে D. ক্লাইভকে **Ans C**

**10. 'ভবিষ্যৎ'-এর বিপরীত কোনটি?**
A. পারিষদ B. অতিপাত
C. ভূত D. ঐরাবত **Ans C**

**11. জ্ঞান শব্দের যুক্তবর্ণটি কোন বর্ণের মিলনে গঠিত?**
A. ঞ্ + জ B. জ্ + ঞ
C. ঞ্ + গ D. গ + ঘ **Ans B**

**12. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম কী?**
A. কল্লোল B. ধূমকেতু
C. বঙ্গদর্শন D. সংবাদ প্রভাকর **Ans C**

**13. কার উৎসাহ ও অনুপ্রেরণায় রোকেয়া লেখালেখি শুরু করেন?**
A. মায়ের B. ভাইয়ের C. বোনের D.স্বামীর **Ans D**

**14. 'প্রকৃতির যে ধর্ম মানুষের সে ধর্ম' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
A. পরোপকারিতা B. সহনশীলতা
C. উদারতা D. সংবেদনশীলতা **Ans AC**

**15. 'প্যাগোডা' কোন ভাষার শব্দ?**
A. আরবি B. তুর্কি C. জাপানি D.ফার্সি **Ans C**

**16. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কিংবদন্তি কীসের প্রতীক?**
A. গৌরবের B. আনন্দের
C. ঐতিহ্যের D. বেদনার **Ans C**

**17. শেখ ফজিলাতুন্নেসা মুজিব-এর ডাক নাম কী?**
A. মিনু B. মিনি C. রানু D. রেণু **Ans D**

**18. মাদাম লোইসেলের স্বামী কী হাতে ঘরে ফিরলেন?**
A. দামী অলংকার B. একটি বড় খাম
C. উজ্জ্বল রৌপ্যপাত্র D. কারুকার্যময় আসবাব **Ans B**

**19. শহরের পথে থরে থরে কী ফুটেছে?**
A. বকুল B. জারুল
C. রাধাচূড়া D. কৃষ্ণচূড়া **Ans D**

**20. 'যে সকল অত্যাচার সয়ে যায়'- এর সংক্ষিপ্ত রূপ কী?**
A. সর্বংসহা B. সহনশীল
C. সহ্যশীল D. সর্বসহ্যকারী **Ans A**

**21. সুকান্ত ভট্টাচার্যের অকালমৃত্যু হয় কত বছর বয়সে?**
A. ১৮ বছর বয়সে B. ১৯ বছর বয়সে
C. ২০ বছর বয়সে D. ২১ বছর বয়সে **Ans D**

**22. আল মাহমুদের কবিতার বিষয়বস্তু-**
A. নাগরিক জীবন B. প্রবাস জীবন
C. গ্রামীণ জীবন ও প্রকৃতির চিরায়িত রূপ
D. নগর জীবনের হাহাকার **Ans C**

**23. 'অপসংস্কৃতি' কথাটির অর্থ কী?**
A. অপরিচিত সংস্কৃতি B. বিদেশি সংস্কৃতি
C. নেতিবাচক সংস্কৃতি D. প্রতিবেশী সংস্কৃতি **Ans C**

**24. গী দ্যা মোপাসাঁ কোন দেশের লেখক?**
A. ইংল্যান্ড B. স্কটল্যান্ড C. আয়ারল্যান্ড D.ফ্রান্স **Ans D**

**25. 'সন্ধি'র কাজ কী?**
A. শব্দে-শব্দে সংযোগ B. শব্দে-বাক্যে মিলন
C. বাক্যে-বাক্যে সংযোগ D. প্রত্যয়ে-প্রত্যয়ে মিলন **Ans A**

**26. Secularism-এর বাংলা কী?**
A. ধর্মহীনতা B. ধর্মনিরপেক্ষতা
C. ধর্মদ্রোহিতা D. ধর্মবিরোধিতা **Ans B**

**27. কোন কবি নবাব সিরাজউদ্দৌলার চরিত্রনির্ভর নাটক রচনা করেন?**
A. মোহাম্মদ আবু জাফর B. সিকান্দার আবু জাফর
C. আবু জাফর ওবায়দুল্লাহ D. আবু জাফর **Ans B**

**28. ' রেইনকোট' গল্পটির বিষয়বস্তু কী?**
A. দেশবিভাগ B. ভাষা-আন্দোলন
C. মুক্তিযুদ্ধ D. গণ-আন্দোলন **Ans C**

**29. 'পথের রাজা' কোন সমাসের ব্যাসবাক্য?**
A. তৎপুরুষ B. বহুব্রীহি C. কর্মধারয় D. দ্বিগু **Ans A**

**30. কোন বাক্যটি শুদ্ধ?**
A. সকল লোকেরাই ক্ষমা প্রার্থনা করেছিলো
B. সে কোর্টে সাক্ষ্য দিয়েছে C. আমি কোর্টে সাক্ষী দিতে যাচ্ছি
D. আমি আসিতে থাকবো **Ans B**

## মানবিক গুচ্ছ ভর্তি পরীক্ষা
ভর্তি পরীক্ষা: 2021-2022 | B-ইউনিট 1-সেট

**01. মাঠে পাকা ধান দেখে যাদের মনে ভক্তিভাব জেগে ওঠে মজিদের দৃষ্টিতে তারা কীসের পূজারী?**
A. ভূত B. পীর
C. মাঠ D.ফসল **Ans A**

**02. মজিদকে প্রথমবার দেখে জমিলা কী ভেবেছিল?**
A. বর B. ঘটক
C. শ্বশুর D. মৌলভি **Ans C**

**03. গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কী ধরনের রচনা?**
A. স্মৃতিনির্ভর B. সংলাপনির্ভর
C. বর্ণনামূলক D. উপদেশমূলক **Ans B**

**04. কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস নয়?**
A. বাঁধন হারা B. মৃত্যুক্ষুধা
C. কুহেলিকা D. ব্যথার দান **Ans D**

**05. 'অসমাপ্ত আত্মজীবনী'তে কত সাল পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের ঘটনাবলি স্থান পেয়েছে?**
A. ১৯৫৫ B. ১৯৫৮
C. ১৯৬৯ D. ১৯৭০ **Ans A**

**06. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাত থেকে নক্ষত্রের মতো কী ঝরছে?**
A. রক্ত B. পতাকা
C. বন্দুকের গুলি D. বর্ণমালা **Ans D**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. '.... অনাহারে মরিয়া যাইবার জন্য এই পৃথিবীতে কেহ আইসে নাই'- উক্তিটি কার?**
A. কমলাকান্ত B. মার্জার
C. কালীকান্ত চট্টোপাধ্যায় D. কাজী নজরুল ইসলাম **Ans B**

**08. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মেঘনাদবধ কাব্যের কোন সর্গ থেকে নেয়া হয়েছে?**
A. দ্বিতীয় B. চতুর্থ C. ষষ্ঠ D.অষ্টম **Ans C**

**09. 'আহ্বান' গল্পে বুড়ি কে?**
A. জমির করাতির স্ত্রী B. চক্কোত্তি মশায়ের স্ত্রী
C. আবেদালির মা D. শুকুর মিঞায় **Ans A**

**10. 'Trilogy'-এর পরিভাষা কী?**
A. রচনাবলি B. ত্রয়ী
C. গাঁথা D. গীতিকা **Ans B**

**11. কোনটি ফারসি উপসর্গ?**
A. হর B. আম C. নিম D. সাব **Ans C**

**12. 'সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের' 'পর'-কী নাম তার?**
A. শঙ্খমালা B. বনলতা
C. সবিতা D. সুরঞ্জনা **Ans A**

**13. যে উপমার উপমেয়, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ উপস্থিত থাকে তাকে কী বলা হয়?**
A. মালোপমা B. লুপ্তোপমা
C. প্রতিবস্তু উপমা D. পূর্ণোপমা **Ans D**

**14. ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মানদণ্ডকে কী বলা হয়?**
A. অক্ষর B. মাত্রা C. পর্ব D.যতি **Ans B**

**15. 'তদন্ত' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
A. অনুশীলন B. আরজি
C. নিরবশেষ D. প্রতিরূপীকরণ **Ans A**

**16. 'সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান' হচ্ছে-**
A. মুক্তিযুদ্ধ B. কবিতা
C. নাটক D. ভাষা-আন্দোলন **Ans B**

**17. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'প্রাণের জাহাজ' দ্বারা কী বোঝায়?**
A. জনতা ও গণতন্ত্র B. জনসম্পদ ও প্রকৃতি
C. জনতা ও জাতিসত্তা D. জনতা ও জনসম্পদ **Ans D**

**18. বাংলাদেশ জাতীয় জাদুঘর কত সালে যাত্রা শুরু করে?**
A. ১৯১৩ B. ১৯১৫
C. ১৯২১ D. ১৯২৩ **Ans A**

**19. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ নয়?**
A. মতিচূর B. পদ্মরাগ
C. সুলতানার স্বপ্ন D. উদাত্ত পৃথিবী **Ans D**

**20. বৃক্ষ কীসের ইঙ্গিত দেয়?**
A. বৃদ্ধি ও আশ্রয় B. ছায়া ও প্রশান্তি
C. বৃদ্ধি ও প্রশান্তি D. সম্পদ ও উদারতা **Ans C**

**21. 'মনু + ষ্ণ'-এর মূল ভাব কোনটি?**
A. মানব B. মানুষ
C. মনুষ্য D.মনসা **Ans A**

**22. বাগযন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি?**
A. কণ্ঠনালী B. জিহ্বা C. তালু D.দাঁত **Ans B**

**23. 'চৌঠা' কোন বাচক শব্দ?**
A. অঙ্গবাচক B. তারিখবাচক
C. পূরণবাচক D. গণনাবাচক **Ans C**

**24. নূরলদীন কোন অঞ্চলের কৃষকনেতা ছিলেন?**
A. ফরিদপুর-বরিশাল B. রংপুর-দিনাজপুর
C. নওগাঁ-চাঁপাইনবাবগঞ্জ D. সিলেট-কুমিল্লা **Ans B**

**25. কোনটি 'সড়সড়' শব্দের অর্থ নয়?**
A. স্মৃতিগত B. অভ্যস্ত C. অসংগত D. রপ্ত **Ans C**

**26. কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি নয়?**
A. কল কল B. টন টন
C. ঝম ঝম D. লাল লাল **Ans D**

**27. বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে কোন ধ্বনির ব্যবহারের প্রয়োজন নেই?**
A. শ B. স C. ষ D. য় **Ans C**

**28. 'আহ্বান' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?**
A. আওবান B. আহ্বান
C. আহোব্বান D. আওভান্ **Ans D**

**29. 'সিরাজউদ্দৌলা' নাটকে ঘসেটি বেগমের পালক পুত্রের নাম কী?**
A. মীর মীরন B. মীর জুমলা
C. মানিক চাঁদ D. শওকত জং **Ans ×**

**30. রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?**
A. গীতাঞ্জলি B. জন্মদিনে
C. বলাকা D.চিত্রা **Ans B**

**31. 'আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী। তাই না'?-এখানে আব্বুর নাম কী?**
A. সাত্তার মৃধা B. নুরুল হুদা
C. আফাজ আহমদ D. নূরুল আহমদ **Ans B**

**32. 'কথায় পটু' কোন ধরনের সমাস?**
A. ব্যতিহার বহুব্রীহি B. প্রত্যয়ান্ত বহুব্রীহি
C. অলুক বহুব্রীহি D. মধ্যপদলোপী বহুব্রীহি **Ans C**

**33. মাঘের শেষ দিনকে এক কথায় কী বলা হয়?**
A. একাদশী B. মাসান্ত
C. প্রতিপদ D. সংক্রান্তি **Ans B**

**34. শব্দের শেষে কোনটি যুক্ত হওয়ার পরে আর কিছু যুক্ত হয় না?**
A. উপসর্গ B. প্রত্যয়
C. প্রকৃতি D. বিভক্তি **Ans D**

**35. 'ভূষণ্ডির কাক' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত?**
A. কপট B. বক ধার্মিক
C. দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি D. সুসময়ের বন্ধু **Ans C**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার